আবার কৃত্রিম উপায়ে N<sub>2</sub> ফিক্সেশন করতে অসওয়াল্ডের পদ্ধতি ব্যবহার করা যায়।

$$4NH_3 + 50_2 \frac{Pt}{900^{\circ}C} 4NO + 6H_2O$$

$$4N0 + 20_2 \longrightarrow 4N0_2$$

 $4NO_2 + O_2 + 2H_2O \longrightarrow 4HNO_3$ 


অন্যদিকে SO<sub>2</sub> গ্যাসের মাধ্যমে পরিবেশের জন্য ক্ষতিকর এসিড বৃষ্টি হতে পারে।

$$SO_2 + O_3 \longrightarrow SO_3 + O_2$$

$$SO_3 + H_2O \longrightarrow H_2SO_4$$

তাই বলা যায়, তুলনামূলকভাবে (i) নং বিক্রিয়ার উৎপন্ন গ্যাস পরিবেশে অধিক উপকারী।

10.



(গ) উদ্দীপকের নমুনা পানির BOD এর মান কিরুপে নির্ণয় করা যায় লিখ।

- উত্তর: উদ্দীপকের নমুনা পানির BOD নিম্নলিখিত খাপগুলো (1) অনুসরণ করে নির্ণয় করা যায়:
  - উদ্দীপকের নমুনা পানি সংগ্রহ করা হয়।
  - (ii) একটি কনিক্যাল ফ্লাঙ্কের মধ্যে 50mL পাতিত পানি নিয়ে এর মধ্যে- (a) 1mL ফসফেট বাফার (pH = 7.2) (b) 1mL MgSO<sub>4</sub> দ্রবণ(22.5 gL<sup>-1</sup>), (c) 1mL CaCl<sub>2</sub> দ্রবর্ণ (27.5 gL<sup>-1</sup>) এবং (d) 1mL FeCl<sub>3</sub> দ্রবর্ণ (25 gL<sup>-1</sup>) যোগ করা হয়।
  - (iii) নমুনা পানিকে লঘু করা হয়। শিল্পবর্জ্য পানির জন্য 0.1 1%, সুয়ারেজ এর জন্য 1-5% , নদীর দূষিত পানির জন্য 25-100%পর্যন্ত লঘু করা হয়।
  - (iv) নমুনা পানির মধ্যে নলের সাহায্যে 5-10 মিনিট বায়ুপ্রবাহ করা হয় যাতে DO এর মাত্রা 7ppm হয়। একে incubation বলে। BOD এর মান যদি DO এর মানের চেয়ে বেশি হয় তবে dilution পানি দিয়ে পানিকে লঘু করা হয়। এ দ্রবণের অর্ধেক পরিমাণ নিয়ে DO পরিমাপ করা হয়। মনে করি এ DO এর মান D<sub>1</sub>।
  - (v) বাকি অর্ধেক নমুনাকে একটি ছিপিযুক্ত কনিক্যাল ফ্লাক্ষে নিয়ে ফ্লাক্ষের মুখ ভালোভাবে বন্ধ করে 20°C তাপমাত্রায় পাঁচদিন রেখে দেওয়া হয়। পাঁচদিন পর নমুনার DO পরিমাপ করা হয়। ধরি এ DO এর মান  $\mathrm{D}_2$ ।
  - (vi) এর পর লঘু পানি নিয়ে দুই অংশে ভাগ করা হয়। এক অংশের DO এর পরিমাপ B<sub>1</sub> নির্ণয় করা হয়। অপর অংশকে ইনকিউবেশন করার পর DO পরিমাপ করা হয়। ধরি, এ মান B2 ।
  - $(vii) \ D_1, \ D_2, \ B_1, \ B_2$  মানগুলো নিম্নের সমীকরণে বসিয়ে BOD এর মান নির্ণয় করা যায়।

BOD = 
$$\frac{(D_1 - D_2) - (B_1 - B_2) \times f}{p} mgL^{-1}$$

এখানে, p = ব্যবহৃত নমুনার দশমিক ভগ্নাংশ,

f = নমুনা পানির সাথে নিয়ন্ত্রিত পানির অনুপাত।

সূতরাং, উপরিউক্ত পদ্ধতি ব্যবহার করে নমুনা পানির BOD নির্ণয় করা যায়।

CO<sub>2</sub>(A) গ্যাসকে 35°C তাপমাত্রা এবং 1.05 atm চাপে রাখা П. হলো। আরেকটি যৌগ B, যার রাসায়নিক সমীকরণ AICl3, ডাইমার তৈরি করে ও সাধারণ তাপমাত্রায় কঠিন।

[জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ]

(ঘ) উপযুক্ত এসিড-ক্ষার ধারণা প্রয়োগ করে A ও B যৌগকে এসিড হিসেবে ব্যাখ্যা করে।



## Education place 4 com

- (ঘ) উত্তর: উদ্দীপকের A যৌগ হলো CO<sub>2</sub> এবং B যৌগ হলো AlCl<sub>3</sub>। CO<sub>2</sub> ও AlCl<sub>3</sub> উভয়ই লুইস এসিড। লুইস তত্ত্ব অনুসারে, যেসকল পদার্থ মুক্তজোড় ইলেকট্রন গ্রহণ করতে পারে তারা হলো লুইস এসিড। এছাড়া যেসব যৌগের কেন্দ্রীয় পরমাণুর অষ্ট্রক পূর্ণ হয়নি, তারা মুক্তজোড় ইলেকট্রন গ্রহণের মাধ্যমে লুইস এসিড হিসেবে কাজ করে।
  - ${
    m CO_2}$  যৌগের গাঠনিক সংকেত ও কেন্দ্রীয় পরমাণুর ইলেকট্রন বিন্যাস হলো:

$$C_6 \rightarrow 1s^2 2s^2 2p^2$$

$$C_6^* \rightarrow 1s^2 2s^1 2p_x^1 2p_y^1 2p_z^1$$

CO<sub>2</sub> অণুর কেন্দ্রীয় পরমাণু কার্বনের অষ্টক পূর্ণ হয়েছে। কিন্তু অব্ধিজেনের অধিক তড়িৎ ঋণাত্মকতার কারণে তা বন্ধনজোড় ইলেকট্রন নিজের দিকে টেনে নেয়। ফলে অব্ধিজেন পরমাণু আংশিক ঋণাত্মক ও কার্বন পরমাণু আংশিক ধনাত্মক চার্জ লাভ করে। এ অবস্থায় কার্বন পরমাণু লুইস ক্ষার হতে মুক্ত জোড় ইলেকট্রন গ্রহণ করতে পারে। তাই CO<sub>2</sub> লুইস এসিড।

$$H_2O: + CO_2 \longrightarrow H_2CO_3$$

আবার AlCl<sub>3</sub> যৌগের গাঠনিক সংকেত ও কেন্দ্রীয় প্রমাণুর ইলেকট্রন বিন্যাস হলো:

$$Al_{13} \rightarrow 1s^2 2s^2 2p^6 3s^2 3p^1$$
  
 $Al_{13}^* \rightarrow 1s^2 2s^2 2p^6 3s^1 3p_x^1 3p_y^1$ 

AlCl<sub>3</sub> অণুর ক্ষেত্রে কেন্দ্রীয় পরমাণুর অষ্টক পূর্ণ হয়নি। এর গঠনে 6 টি ইলেকট্রন অর্থাৎ এক জোড়া ইলেকট্রনের ঘাটতি রয়েছে। এ কারণে AlCl<sub>3</sub> এক জোড়া ইলেকট্রন গ্রহণ করে অষ্টক পূর্ণ করে বলেই এটি অম্প্রধর্মী হয়।

$$C1 \xrightarrow{I} + NH_3 \longrightarrow C1 \xrightarrow{I} C1 \xrightarrow{I} + NH_3$$

$$C1 \xrightarrow{I} C1 \xrightarrow{I} C1$$

তাই বলা যায়, লুইস মতবাদ অনুযায়ী A ও B যৌগকে অম্ল ও ক্ষার হিসেবে ব্যাখ্যা করা যায়।

[ভিকারুননিসা নূন স্কুল এম্ড কলেজ, ঢাকা]

12.

I II

17°C
1235 mm-Hg
750 ml
2.25 g

A 別河 B 別河

 ম ও B গ্যাসের পরিবেশের উপর প্রতিক্রিয়া কারণসহ বর্ণনা করে। (ঘ) উত্তর: উদ্দীপকে দেয়া আছে,

A গ্যাসের ক্ষেত্রে;

চাপ,  $P_A = 1235 \text{mm}$  (Hg) =  $\frac{1235}{760} \text{atm} = 1.625$  atm

আয়তন, V<sub>A</sub> = 750 ml = 0.75 L

তাপমাত্রা,  $T_A = 17^{\circ}C = 290 \text{ K}$ 

ভর, w<sub>A</sub> = 2.25 g

 $R = 0.821 Latm. mol^{-1} K^{-1}$ 

ধরি A গ্যাসের আণবিক ভর যথাক্রমে M<sub>A</sub>

এখন,  $P_A V_A = n_A R T_A$ 

 $\Rightarrow P_A V_A = \frac{w_A}{M_A} \times RT_A$ 

 $\Rightarrow M_A = \frac{w_A R T_A}{P_A V_A} = \frac{2.25 \times 0.0821 \times 290}{1.625 \times 0.75} = 43.96 \text{ gmol}$ 

 $\therefore M_A \approx 44 \text{ gmoL}^{-1}$ 

অর্থাৎ, A গাসটি CO2

B গ্যাসের ক্ষেত্রে;

চাপ,  $P_B = 163 \text{ kPa} = \frac{163000}{101325} \text{atm} = 1.61 \text{ atm}$ 

আয়তন,  $V_B = 650 \text{ ml} = 0.65 \text{ L}$ 

তাপমাত্রা,  $T_B = 20$ °C = 293 K

ভর,  $w_B = 2.78 \text{ gmoL}^{-1}$ আবার,  $P_A V_B = n_B R T_B$ 

 $\Rightarrow P_B V_B = \frac{w_B}{M_B} \times RT_B$ 

 $\Rightarrow M_B = \frac{w_B R \times T_B}{P_B V_B} = \frac{2.78 \times 0.0821 \times 293}{1.61 \times 0.65} = 63.9 \text{ gmol}$ 

 $M_{\rm B} \approx 64~{\rm gmoL^{-1}}$ 

অর্থাৎ B গ্যাসটি SO2

পরিবেশের উপর  $CO_2$  এর প্রভাব: গ্রিনহাউস প্রভাব সৃষ্টিতে এর ভূমিকা সবচেয়ে বেশি যা প্রায় 50%। বায়ুমণ্ডলে CC উপস্থিতি একান্ত প্রয়োজন হলেও নানাবিধ কারণে CO অনুপাতিক পরিমাণ বেড়ে যাচ্ছে। এর কিছু কারণ হলো কলক ও শিল্পে বা মোটরগাড়ি প্রভৃতিতে ব্যাপক পরিমাণ জীবাশ্য জ্ ব্যবহার, বনভূমি ও আগ্নেয়গিরির অগ্নিপাতের সময় বায়ুমণ্ডলে যুক্ত হওয়া ইত্যাদি। এভাবে  $CO_2$  বৃদ্ধির পরিমাণ অব্যাহত পৃথিবীর তাপমাত্রা প্রায় 3.8°C বৃদ্ধি পাবে।

পরিবেশের উপর SO<sub>2</sub> এর প্রভাব: SO<sub>2</sub> বায়ুর জঞ্জিও জলীয় বাম্পের সঙ্গে বিক্রিয়া করে সালফিউরিক এসিডে <sup>গ</sup> হয় এবং তা এসিড বৃষ্টি হিসেবে ভূপৃষ্ঠে পতিত হয়। এই বৃষ্টির প্রভাবে ফসলের ক্ষতিছাড়াও মার্বেল পাথর, মূল নির্মিত স্থাপনার ব্যাপক ক্ষতি হয়।

 $SO_2 + \frac{1}{2}O_2 + H_2O \xrightarrow{\text{tiod avail}\xi_0} H_2SO_4$ 

এসিড বৃষ্টির ফলে পুকুর, নদী-নালা, হ্রদ ইত্যাদির অম্লত্ <sup>রেড়ে</sup> এর ফলে জলজ প্রাণী ও উদ্ভিদের ওপর ক্ষতিকর প্রভাব <sup>পরে</sup> সূতরাং উদ্দীপকের A ও B গ্যাস অর্থাৎ CO<sub>2</sub> এবং <sup>SO</sup>? পরিবেশের উপর বিরূপ প্রভাব ফেলে।

### HSC প্রশ্নব্যাংক ২০২৫



- পৃথিবীর বায়ুমণ্ডলের উচ্চতা বৃদ্ধির সাথে সাথে এর উপাদানগুলোর 13. পরিবর্তন হয়। উদাহরণ হিসাবে বলা যায় 12-50 km উচ্চতায় O3 স্তর থাকলেও 12 km এর নিচে N2, O2, CO2, SO2, CH₄ ইত্যাদি রয়েছে। [ঢাকা সিটি কলেজ]
  - (ঘ) উদ্দীপকে উল্লেখিত যৌগগুলোর কোনগুলো এসিড বৃষ্টির সাথে সরাসরি সম্পর্কিত তার বিক্রিয়া ভিত্তিক ব্যাখ্যা সহ ইন্ডাস্ট্রি হতে নির্গত  $\mathrm{SO}_2$  নিয়ন্ত্রণের কৌশল বিশ্লেষণ করো।
  - উত্তর: উদ্দীপকের যৌগগুলো হলো  $N_2, O_2, CO_2, SO_2$  ও  $\mathrm{CH_4}$ । এর মধ্যে  $\mathrm{CO_2}$  ও  $\mathrm{SO_2}$  এসিড বৃষ্টিতে সরাসরি সম্পর্কিত এবং  $N_2, O_2$  পরোক্ষভাবে জড়িত। যৌগগুলোর মধ্যে  $CO_2$  এর কিছু পরিমাণ বায়ুমগুলের পানির সাথে বিক্রিয়া করে কার্বনিক এসিড গঠন করে যা বৃষ্টির পানির সাথে নিচে আসে।  ${
    m H_2CO_3}$ দুর্বল এসিড হওয়ায় বৃষ্টির পানি কিছুটা অম্লীয় হয়।

$$CO_2 + H_2O \rightleftharpoons H_2CO_3$$

উদ্দীপকের অন্যান্য যৌগগুলোর মধ্যে SO<sub>2</sub> সরাসরিভাবে এসিড বৃষ্টির সাথে সম্পর্কিত। তবে তাপ বিদ্যুৎ কেন্দ্র, শিল্প, মোটরগাড়ি প্রভৃতি সালফারযুক্ত কয়লা ও জ্বালানি দহনের ফলে বায়ুতে প্রচুর পরিমাণে SO2 অবমুক্ত হয়। বিভিন্ন উৎস হতে জমা হওয়া  $\mathrm{SO}_2$  ধাতব অক্সাইড, ধুলিকণা, সূর্যলোক প্রভৃতি প্রভাবকের উপস্থিতিতে বায়ুস্থ অক্সিজেন ও জলীয় বাষ্পের সাথে বিক্রিয়া করে H<sub>2</sub>SO<sub>4</sub> গঠন করে।

$$SO_2 + \frac{1}{2}O_2 + H_2O \xrightarrow{\text{ধাতব অক্সাইড}} H_2SO_4$$

তাই  ${
m H_2SO_4}$  এসিড বৃষ্টি পানির সাথে ভূপাতিত হয়।  ${
m N_2}$  ও  ${
m O_2}$ বজ্রপাতের সময় 3000°C তাপমাত্রায় NO উৎপন্ন করে। অত:পর NO বায়ুস্থ অক্সিজেন দ্বারা জারিত হয়ে NO2 এ পরিণত হয়।

$$N_2 + O_2 \xrightarrow{3000^{\circ}C} 2NO$$
  
 $2NO + O_2 \xrightarrow{} 2NO_2$ 

 $4NO_2 + 2H_2O + O_2 \longrightarrow 4HNO_3$ 

উৎপন্ন NO2 বায়ুমণ্ডলের অক্সিজেন ও জলীয় বাষ্পের সাথে বিক্রিয়া করে HNO3 উৎপন্ন করে এসিড বৃষ্টি সৃষ্টি করে। এভাবে N2, O2, CO2, SO2 এসিড বৃষ্টির সাথে সম্পর্কিত।

SO<sub>2</sub> পরিবেশের জন্য একটি ফতিকারক গ্যাস এবং শিষ্পকারখানায় এটি নানা উপায়ে নির্গত হয়। এজন্য শিম্পক্ষেত্রে FGD প্ল্যান্ট ব্যবহার করে SO<sub>2</sub> নিয়ন্ত্রণ করা হয়। শিষ্প কারখানায় চিমনি দিয়ে নির্গত SO<sub>2</sub> গ্যাস মিশ্রিত ফু গ্যাসকে চুনাপাথর বা চুনের গুঁড়ার পানির মিশ্রণে চালনা করা হয়, এতে  $\mathrm{SO}_2$  শোষিত হয়। FGD প্লান্টে  $\mathrm{SO}_2$  গ্যাসকে জিপসাম এসিডে রূপান্তরিত করে।

$$CaCO_3(s) + SO_2(g) \xrightarrow{\Delta} CaSO_3(g) + CO_2(g)$$

$$2CaSO_3(s) + O_2(g) \xrightarrow{H_2O} 2CaSO_4 \cdot 2H_2O(s)$$

আবার CH4 দ্বারা SO2 গ্যাসকে জারিত করে H2S গ্যাস এবং পরে সালফারে পরিণত করা হয়।


$$2CH_4(g) + SO_2(g) \xrightarrow{AI_2O_3.Cu} H_2S(g) + 2CO_2(g) + 3H_2(g)$$

$$2H_2(g) + SO_2(g) \longrightarrow H_2S(g) + 2H_2O(l)$$


$$16 {
m H_2S(g)} + 8 {
m SO_2(g)} \xrightarrow{{
m Fe_2O_3}} 3 {
m S_8(s)} + 16 {
m H_2O(l)}$$
 এভাবে কলকারখানায় নির্গত  ${
m SO_2}$  নিয়ন্ত্রণ করা হয়।

### নিজে করো

14. নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:



- (i)  $A(g) + CH_3COOH \rightarrow CH_3CONH_2 + H_2O$
- (ii)  $R OH + PCl_5 \rightarrow B(g) + RCl + POCl_3$
- (ঘ) উদ্দীপকের A ও B যৌগের প্রকৃতি ক্রনস্টেড-লাউরির মতামতের আলোকে ব্যাখ্যা কর।



কাঁচনলের অভ্যন্তরের গ্যাস দুটির বিক্রিয়া অনুবন্ধী অমু-ক্ষারক ব্যাখ্যা করা সম্ভব কি-না? বিশ্লেষণ কর।

- [Din.B'21] (ঘ) উদ্দীপকের যৌগদ্বয়কে কোন মতবাদের আলোকে এসিড
  - ও ক্ষার হিসেবে চিহ্নিত করা যায়? বিশ্লেষণ কর।
- 17. (i) XH<sub>3</sub>(g) [All B'18] YH1(g)
  - (ii) XH<sub>3</sub> + একক্ষারীয় এসিড→ লবণ
  - [X ও Y এর পারমাণবিক সংখ্যা যথাক্রমে 5 এবং 7]
  - (ঘ) উদ্দীপকের যৌগছয়কে কোন মতবাদের আলোকে এসিড ও ক্ষার হিসেবে চিহ্নিত করা যায়? বিশ্লেষণ কর।

15.



## Educationक्राविश्वक्रिक्तिकृत्

CQ (ক, খ) ও MCQ প্রশ্নের জন্য এই অধ্যায়ের বিভিন্ন টপিকের তুলনামূলক গুরুত্ব:

		<b>677年,李华紫绿绿柳山红鹭</b>	যতব	র প্রশ্ন	এসেছে	CQ জ্ঞানমূলক ও	Mco
ওরুত্	টপিক	টপিকের নাম	<b>本</b>	4	MCQ	অনুধাবনমূলক (ক, খ)	
000	T-01	আদৰ্শ গ্যাসের সূত্রসমূহ	23	3	56	DB'23, 21; Ctg.B'23, 22, 21, 19; RB'21; BB'23, 22, 21, 19, 17; JB'22, 21, 17; Din.B'22, 21, 19; SB'21, 19; CB'21, 19, 17;	Ctg.B'23, 22, 21, 19, 22, 21, 19, 17; JB' CB'23, 22, 21, 19, 17; MB'23 DB' 22, 21, 19, 17; RE 17; SB'22, 21, 19; All
00	T-02	আংশিক চাপ ও ডাল্টনের আংশিক চাপ সূত্র	8	3	9	DB'23, 21; RB'23; BB'23; JB'23, 21, 19; CB'23; Din.B'21, 17; MB'21.	DB'23; RB'23, 17; 19; SB'21; MB'21;
00	T-03	ব্যাপন ও গ্রাহ্যমের ব্যাপন সূত্র	2	2	14	CB'22, 19; RB'21; JB'19;	BB'23, 22, 21; JB'23 CB'23, 22; Ctg B' RB'19; Din.B'21, 17;
000	T-04	গ্যাসের আণবিক গতিতত্ত্	5	3	22	DB'23, 17; Ctg.B'22, 17; JB'22; All B'18; BB'17; CB'17;	RB'23, 22; Ctg.B'23 19; MB'23, 22; BB 17; JB'22, 19; CB' SB'21; Din.B'19, 17;
000	T-05	আদর্শ গ্যাস ও বাস্তব গ্যাস	6	9	34	RB'23, 22, 19; Ctg.B'23, 21; SB'23, 22, 21; BB'23; CB'23, 21; MB'23; DB'22, 21; JB'22;	DB'23, 22, 17; RB'23 17; Ctg.B'23; SB'23, 2 17; BB'23, 22, 21, 19 21, 19; Din.B'23, 22, 2 MB'22; JB'21;
000	T-06	অমু ক্ষার মতবাদ ও পানির বিভদ্ধতার মানদণ্ড	35	62	93	DB'23, 22, 21, 19, 17; RB'23, 22, 21, 19, 17; Ctg.B'23, 22, 21, 17; SB'23, 22, 21, 19; BB'23, 22, 21, 19, 17; JB'23, 22, 21, 19; CB'23, 22, 21, 17; Din.B'23, 22, 21, 19, 17; MB'23, 22, 21, 19.	DB'23, 22, 21, 19, 17, 22, 21, 19, 17; Ctg.B 21, 19, 17; SB'23, 22, 17; BB'23, 22, 21; JE 21, 19; CB'23, 22, 21 Din.B'23, 22, 21; MB'23, 22, 21; All B'

### CQ জ্ঞানমূলক (ক) প্রশ্ন ও নমুনা উত্তর

- 01. এসিড বৃষ্টি কী? [DB'23; BB'22; DB'17]
  উত্তর: বৃষ্টির পানিতে pH এর মান 5.6 এর কম হলে ঐ বৃষ্টিকে
  এসিড বৃষ্টি বলে।
- 02. BOD কী?[DB'23; BB'22, 17; CB'21; Din.B'21; RB'17] উত্তর: পানিতে উপস্থিত বিয়োজনযোগ্য জৈব পদার্থের জৈব বিয়োজনের জন্য প্রয়োজনীয় অক্সিজেনের পরিমাণকে প্রাণ রাসায়নিক অক্সিজেন চাহিদা (Biological Oxygen Demand) বা সংক্ষেপে BOD বলা হয়।
- 03. R.M.S. কী? [DB'23; Ctg.B'22; All B'18; B উত্তর: নির্দিষ্ট তাপমাত্রায় কোনো পাত্রে উপস্থিত সকল গ্যা বেগের বর্গের গড় মানের বর্গমূলকে rms বেগ বলে।
- 04. মোল ভগ্নাংশ কাকে বলে? [RB'23; BB'23; C উত্তর: কোনো গ্যাস মিশ্রণের একটি উপাদানের মোল সাথে ঐ মিশ্রণে উপস্থিত সব উপাদানের মোট মোল জনুপাতকে উপাদানের মোল ভগ্নাংশ বলে।
- 05. COD কী? [RB'23; DB'19; BB'19; Din.B'19; C উত্তর: কোনো নমুনা বর্জ্য পানিতে বিদ্যমান রাসায়নিক পদার্থ সম্পূর্ণরূপে জারিত করতে যে পরিমাণ দ্রবীভূত অক্সিজেন গ্র তাকে COD (Chemical Oxygen Demand) বলে।

- নমুনা পানির TDS কী? 06.
  - [Ctg.B'23; SB'22; Ctg.B'17; Din.B'17] উত্তর; TDS বা Total Dissolved Solids (অর্থাৎ মোট দ্রবীভূত কঠিন দৃষক) হলো পানিতে অতি সামান্য পরিমাণে দ্রবীভূত কিছু অজৈব বা জৈব পদার্থসহ অন্যান্য কিছু কঠিন কণা জাতীয় পদার্থ।

Laplita

- 07. পরম শুন্য তাপমাত্রা কী? [Ctg.B'23, 21; JB'22, 21, 17; Din.B'22, 21, 19; DB'21; SB'21; 19; CB'21, 19, 17; BB'17] উত্তর: যে নিমু তাপমাত্রায় কোনো গ্যাসের আয়তন তাত্ত্বিকভাবে শূন্য হয় তাকে পরমশূন্য তাপমাত্রা বলে। -273°C বা 0 K কে পরমশুন্য তাপমাত্রা ধরা হয়।
- অনুবন্ধী ক্ষারক কাকে বলে? [Ctg.B'23, 21; SB'21; BB'17] 08. উত্তর: কোনো এসিড থেকে একটি প্রোটন অপসারণের ফলে যে ক্ষারক সৃষ্টি হয় তাকে ঐ এসিডের অনুবন্ধী ক্ষারক বলে।
- পানির খরতা কাকে বলে? [Ctg.B'23; DB'22] উত্তর: মিঠা পানিতে পর্যাপ্ত পরিমাণে দ্বি-ধনাত্মক ক্যাটায়নরূপে Ca<sup>2+</sup>, Mg<sup>2+</sup> ও Fe<sup>2+</sup> আয়ন দ্রবীভূত থাকলে ঐ পানিকে খর পানি বলা হয়।
- অ্যামাগার বক্র কী? [SB'23] উত্তর: স্থির তাপমাত্রায় বাস্তব গ্যাসের PV বনাম P রেখাকে অ্যামাগার বক্র বলে।
- দূষক কাকে বলে? [BB'23; Din.B'17] উত্তর: যদি কোনো পদার্থের ঘনমাত্রা পরিবেশে তার সহনীয় মাত্রা অপেক্ষা অধিক পরিমাণে উপস্থিত থেকে অন্যান্য জীবের স্বাভাবিক জীবনযাত্রার উপর বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করে তবে উক্ত পদার্থসমূহকে দূষক বলে।
- 12. সন্ধি তাপমাত্রা কাকে বলে? [BB'23; Ctg.B'19] উত্তর: প্রতিটি বাস্তব গ্যাসীয় উপাদানের ক্ষেত্রে একটি নির্দিষ্ট তাপমাত্রা আছে, যার উপরে রেখে গ্যাসটিকে যতই চাপ প্রয়োগ করা হোক না কেনো তাকে তরলে পরিণত করা যায় না, একে সন্ধি তাপমাত্রা বা সংকট তাপমাত্রা বলে।
- 13. SATP কাকে বলে? [BB'23; JB'22] উত্তর: SATP এর পূর্ণরূপ Standard Ambient Temperature and Pressure। এ পদ্ধতিতে বিশ্বব্যাপী গ্যাসের কক্ষ তাপমাত্রা 25°C বা 298K এবং বায়ুমণ্ডলীয় চাপ 100 kPa ধরা হয়।
- 14. বাস্তব গ্যাস কাকে বলে? [CB'23; SB'22; RB'19] উত্তর: যে সকল গ্যাস সকল অবস্থায় বয়েল, চার্লস, অ্যাভোগ্যাড্রোর সূত্র ও গ্যাসের গতিতত্ত্বের সকল স্বীকার্য মেনে চলে না, তাদের বাস্তব গ্যাস বলে। যেমন: O2, N2, He ইত্যাদি।
- 15. পানির DO কাকে বলে? [CB'23] উত্তর: পানিতে দ্রবীভূত অক্সিজেনের পরিমাণকেই DO (Dissolved Oxygen) বলা হয়।
- সমচাপ রেখা কাকে বলে? [Din.B'23] উত্তর: স্থির চাপে নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন (V) ও কেলভিন তাপমাত্রার (T) সম্পর্কীয় লেখকে চালর্সের সূত্রের সমচাপ রেখা বলে।
- 17. পানির স্থায়ী খরতা কাকে বঙ্গে? [Din.B'23; MB'23; SB'19] উত্তর: পানিতে Ca<sup>2+</sup>, Mg<sup>2+</sup> ও Fe<sup>2+</sup> এর SO<sub>4</sub><sup>2-</sup> ও Cl<sup>-</sup> লবণ দ্রবীভূত থাকলে যে খরতার উদ্ভব ঘটে তাকে স্থায়ী খরতা বলে।

- 18. বয়েল তাপমাত্রা কাকে বলে? উত্তর: অতি নিমুচাপে যে তাপমাত্রায় বাস্তব গ্যাস আদর্শ গ্যাসের মতো আচরণ করে তাকে বয়েল তাপমাত্রা বলে।
- আইসোধার্ম কী? বা আইসোধার্ম কাকে বলে? [DB'22; BB'22] উত্তর: স্থির তাপমাত্রায় নির্দিষ্ট ভরের কোনো গ্যাসের উপর বিভিন্ন চাপ প্রয়োগ করে এবং সংশ্লিষ্ট চাপে ঐ গ্যাসের আয়তন লিপিবদ্ধ করে X- অক্ষ বরাবর চাপ ও Y-অক্ষ বরাবর আয়তন স্থাপন করলে যেসব রেখাসমূহ পাওয়া যায় তাদের আইসোথার্ম বলে।
- অনুবন্ধী অমু কী? [Ctg.B'22; Din.B'22; JB'21; CB'17] 20. উত্তর: কোনো ক্ষারকের সাথে একটি প্রোটন (H+) সংযোগের ফলে যে এসিডের সৃষ্টি হয়, তাকে সে ক্ষারের অনুবন্ধী এসিড বলে।
- অ্যাভোগ্যাড্রোর সংখ্যা কাকে বলে? উত্তর: গ্যাসের এক মোলার আয়তনে অণুর সংখ্যাকে অ্যাভোগ্যাড্রো সংখ্যা  $(N_A)$  বলা হয়। অ্যাভোগ্যাড্রোর সংখ্যা  $(N_A)$  এর মান 6.023 × 1023 ধরা হয়।
- SI এককে R এর মান কত? [JB'22] উত্তর: SI এককে R এর মান 8.314 Jmol<sup>-1</sup> K<sup>-1</sup>
- চার্লসের সূত্রটি বিবৃত কর। [RB'21; BB'21] উত্তর: ''স্থির চাপে নির্দিষ্ট ভরের যেকোনো গ্যাসের আয়তন প্রতি ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা বৃদ্ধি বা হ্রাসের ফলে 0°C তাপমাত্রায় গ্যাসের আয়তনের 1/273 অংশ বৃদ্ধি বা হ্রাস ঘটবে।"
- 24. লুইস এসিড কী? [RB'21; JB'21] উত্তর: আমেরিকান রসায়নবিদ Gilbert N. Lewis এর মতে, যে সকল মূলক বা আয়ন ইলেকট্রন জোড় গ্রহণ করতে পারে তারা লুইস এসিড। বিজ্ঞানীর নাম অনুসারে তাই এই সকল বৈশিষ্ট্যযুক্ত যৌগগুলোকে লুইস এসিড বলে। যেমন: BF<sub>3</sub>, AlCl<sub>3</sub>, CO<sub>2</sub>, SO<sub>3</sub> ইত্যাদি।
- আংশিক চাপ কাকে বলে? [DB'21; JB'23, 21, 19; MB'21] উত্তর: কোনো নির্দিষ্ট তাপমাত্রায় বিক্রিয়াবিহীন কোনো গ্যাস মিশ্রণের কোনো একটি উপাদান গ্যাস ঐ তাপমাত্রায় মিশ্রণের সমস্ত আয়তন একাকী দখল করলে যে চাপ প্রয়োগ করত, তাকে ঐ উপাদান গ্যাসের আংশিক চাপ বলা হয়।
- 26. ব্যাপনের সংজ্ঞা দাও। উত্তর: উচ্চ ঘনত্বের স্থান থেকে নিমু ঘনত্বের স্থানের দিকে কঠিন, তরল বা গ্যাসীয় পদার্থের অণুসমূহের স্থানান্তর বা পরিব্যাপ্ত হওয়াকে ব্যাপন বলে।
- 27. গ্রাহামের ব্যাপন সূত্রটি লিখ। উত্তর: স্থির চাপে ও স্থির তাপমাত্রায় কোন গ্যাসের ব্যাপন হার ঐ গ্যাসের ঘনত্বের বর্গমূলের ব্যস্তানুপাতিক হয়।  $\mathbf{r} \propto \frac{1}{\sqrt{n}}$ ;  $\mathbf{P}, \mathbf{T}$  ধ্রুবক।
- 28. বোল্টজম্যান ধ্রুবক কী? উত্তর: একটি গ্যাস অণুর জন্য প্রাপ্ত গ্যাস ধ্রুবককে বোল্টজম্যান ধ্রুবক বলে।  $K = \frac{R}{N_A} = 1.38 \times 10^{-23} \text{Jmolecule}^{-1} \text{K}^{-1}$



### CQ অনুধাবনমূলক (খ) প্রশ্ন ও নমুনা উত্তর

চার্লসের সূত্র থেকে তাপমাত্রা প্রকাশের নতুন কেল প্রতিষ্ঠা কর।
 IDB'231

উত্তব: চার্লাসের সূত্র: "স্থিব চাপে নির্মিষ্ট ভরের যেকোনো গ্যাসের আয়তন প্রতি ডিগ্রি সেলসিয়াস ডাপমাত্রা বৃদ্ধি বা হ্রাসের ফলে এর আয়তন ৪°C তাপমাত্রায় গ্যাসের আয়তনের  $\frac{1}{273}$  অংশ হারে বৃদ্ধি বা হ্রাস ঘটবে।

অধীৎ,  $V_{\theta} = V_{\theta}(1 + \alpha\theta) \mid \alpha \rightarrow$  দৈখা এর সাথে সম্পর্কিত  $\Rightarrow V_{\theta} = V_{\theta} + V_{\theta} \times \frac{1}{273} \times \theta \Rightarrow V_{\theta} = V_{\theta} + \frac{V_{\theta}}{273} \times \theta$ 

$$\Rightarrow V_{\theta} = V_{\theta} \left( 1 + \frac{\theta}{273} \right) = \frac{V_{\theta}}{273} (273 + \theta)$$

$$\Rightarrow V_{\theta} = \frac{V_{\theta}}{273}(T) \Rightarrow V_{\theta} = KT :: V_{\theta} \propto T$$

কেলভিন তাপমাত্রা  $T = \theta + 273$ 

[এভাবে চার্লসের সৃত্তের সাহায্যে তাপমাত্রা প্রকাশের সেলসিয়াস ছেল হতে কেলভিন ছেল প্রতিষ্ঠা করা যায়।]

5 মোল চিনি ও 10 মোল H<sub>2</sub>O এর মিশ্রণে চিনির মোল ভয়াংশ
কত? [DB'23]

উত্তর: কোন মিশ্রণের একটি উপাদানের মোলসংখ্যার সাথে ঐ মিশ্রণে উপস্থিত সব উপাদানের মোট মোল সংখ্যার অনুপাতকে উপাদানের মোল তগ্নাংশ বলে।

এখানে, মোট মোলসংখ্যা = 15, চিনির মোলসংখ্যা = 5, পানির মোলসংখ্যা = 10।

- 5 মোল চিনি ও 10 মোল  $H_2O$  এর মিশ্রণে চিনির মোল ভগ্নাংশ =  $\frac{5}{1000}$  নেল সংখ্যা =  $\frac{5}{1000}$  =  $\frac{1}{3}$  = 0.333
- H₂O উভধনী বৌগ ব্যাখ্যা কর। [DB'23; BB'22; MB'22; SB'21]

উত্তর: উভধর্মী যৌগ বলতে ঐ সকল যৌগকে বোঝানো হয় যারা একই সাথে অন্নধর্মী ও ক্ষারধর্মী হিসেবে ব্যবহৃত হয়। অর্থাৎ, এরা একই সাথে অন্ন ও ক্ষার উভয়ের সাথে বিক্রিয়া করে। মেমন:  $H_2O, HCO_2^-, HSO_2^-, HS^-$ ইত্যাদি। পানি  $(H_2O)$ পৃথক পৃথকভাবে এসিড ও ক্ষারকের সাথে বিক্রিয়া করে তাই পানি একটি উভধরী পদার্থ।

ছাতত হিসেবে,  $H_2O + HCI \longrightarrow H_2O^* + CI^*$ এসিড হিসেবে  $H_2O + NH_2 \longrightarrow NH_2^* + OH^*$ সূতরাং  $H_2O$  একটি উভধরী পদার্থ।

HCO; আহন উত্তৰমী-ব্যাখ্যা কর।

[RR'23; JB'23; CB'23 DB'21; MB'21]
উত্তর: ব্রনপেটভ লাউরি মতবাদ অনুসারে মে নৌগ, অন্ধ হতে প্রোটন (H\*) গ্রহণ করে তারা ক্ষারক এবং যে মৌগ গ্রোটন (H\*) ভাগে করে তারা অন্ধ। HCO; আয়ন উত্তথমী। কারণ-

- HCO; প্রোটন গ্রহণ করে জারের ন্যান্ত আচরণ করে বিফ্রিবা: HCO; + H\* → H₂CO;
- (ii) আবার H° আছন ত্যাগ করে এসিতের ন্যায় অভ্যন ৯
   বিক্রিয়া: HCO; —— CO; + H°
   অর্থাৎ HCO; উভধমী আয়ন।
- 05. SI এককে R এব মান বের কর। [RB'23; DB'22; SB'863; আদর্শ গ্যাস সূত্রমতে, R বলতে মূলত মোলার গুলককে বোঝানো হয়।
  আমরা জানি, PV = nRT ⇒ R = PV/nT
  তাই, SI এককে প্রমাণ চাপ, P = 101325 Pa
  1 mol গ্যাসের আয়তন, V = 22.414 × 10<sup>-3</sup>m³
  তাপমাত্রা, T = 273.15 K ∴ R = PV/nT
  = 101325×22.414×10<sup>-3</sup>m³ ≈ 8.314 [K<sup>-1</sup>mol<sup>-1</sup>
  ∴ SI এককে R এর নির্ণেয় মান 8.314 [K<sup>-1</sup>mol<sup>-1</sup>.
- বান্তব গ্যাসের চাল আদর্শ গ্যাসের চাল অপেকা কম কে ব্যাখ্যা কর।

   উত্তব: গ্যাসের গতিতত্ত্ব অনুসারে গ্যাসীয় অণুওলোর মাকোনো আকর্ষণ বল ক্রিয়া করে না। কিন্তু উচ্চ চাপে ও তাপমাত্রায় বান্তব গ্যাসকে তরলে পরিণত করা সন্তব। এ ই প্রমাণ করে যে, প্রকৃতপক্ষে বান্তব গ্যাসের অণুওলোর মধে। বেশি আকর্ষণ বল কার্যকরী থাকে। এ কারণে আকর্ষণ স্বাদ্যর্শ গ্যাসের অণুওলো পাত্রের দেখালে ধান্তা দিয়ে যে সৃষ্টি করে আকর্ষণযুক্ত বান্তব গ্যাসের অণুওলো পাত্রের দেয়াল ধান্তা দিয়ে বে স্বান্তব গ্যাসের আকর্ষণযুক্ত বান্তব গ্যাসের অণুওলো পাত্রের দেয়াল ধান্তা কম তা অপেকা কম জোরে ধান্তা দিয়ে কম চাপ সৃষ্টি করে। ব্যান্তব গ্যাসের চাপ আদর্শ গ্যাসের চাপ অপেকা কম।
- নম্না পানির COD এর মান BOD অপেক্ষা বেশি কেন? বল কর। [Ctg.B'23; MB'23; DB'22; Ctg.B'22; MB'l Ctg.B'21; SB'19]

উত্তর: নির্দিষ্ট পরিমাণ সারফেস ওয়াটারের নমুনায় থাকা পূর্বিক বস্তুকে 20°C তাপমাত্রায় পাঁচদিন যাবং বাহুজীই জীব বা ব্যাকটোরিয়া ঘারা সম্পূর্ণ ডিগ্রেডেশন বা পচনশীল টি বস্তুকে বিয়োজিত করতে ঐ পানির DO থেকে যে পরিমাণ ব্যায়িত হয় তাকে ঐ নমুনা পানির BOD বলে। আজি পরিবেশ রসায়নে সারফেস ওয়াটারের রাসায়নিক প্রজিট চাহিদা বা COD এর মান ঘারা ঐ নমুনা পানিতে পরোজি শচনশীল জৈব বস্তু ও অজৈব বস্তু ও উত্তয় প্রকার পরিমাণ যায়। তাই COD এর মান BOD এর মান থেকে বেশি হা

এসিড বৃষ্টির কারণ ব্যাখ্যা কর। 08.

[SB'23; JB'21]

উত্তর: এসিড বৃষ্টির অন্যতম কারণ হচ্ছে মানুষের সৃষ্ট দৃষণ। শিল্প কারখানার চিমনি দিয়ে নির্গত হয় ফ্লু গ্যাস যাতে থাকে  ${
m H_2S,SO_2}$  ও  ${
m SO_3}$ । এছাড়াও তেল শোধনাগার নাইট্রিক ও সালফিউরিক এসিড উৎপাদন কেন্দ্র হতে নির্গত হয় SO2 ও NO2। এণ্ডলো বৃষ্টির পানির সাথে মিশে এসিড বৃষ্টি সৃষ্টি করে।  $4NO_2 + O_2 + 2H_2O \rightarrow 4HNO_3$ 

$$NO_2 + O_2 + 2H_2O \rightarrow 4HNO_3$$
  
 $SO_2 + H_2O \rightarrow H_2SO_3$   
 $SO_3 + H_2O \rightarrow H_2SO_4$ 

সূতরাং, উপরিউক্ত কারণে এসিড বৃষ্টি হয়ে থাকে।

AICI3 একটি লুইস এসিড- ব্যাখ্যা কর।

[SB'23; JB'22; SB'21; DB'17]

উত্তর: আমরা জানি, যে সকল যৌগ এক জোড়া ইলেকট্রন গ্রহণ করে তারা লুইস এসিড।  $\mathrm{AlCl}_3$  এর গঠন দেখলে বোঝা যায় কেন্দ্রীয় পরমাণুতে এক জোড়া ইলেকট্রন এর ঘাটতি থাকায় AlCl<sub>3</sub> এক জোড়া ইলেকট্রন গ্রহণ করে অষ্টক পূরণ করে। তাই AlCl3 লুইস এসিড।

$$AlCl_3 + \ddot{N}H_3 \longrightarrow Cl \longrightarrow Al \leftarrow: NH_3$$
লুইস অদ্র লুইস ক্ষারক  $Cl$ 

খর পানিতে সাবান অকার্যকর কেন? ব্যাখ্যা কর।

[BB'23]

উত্তর: খর পানিতে সাধারণত Ca<sup>2+</sup>,Mg<sup>2+</sup> ও Fe<sup>2+</sup> আয়ন থাকে। এসব আয়নের হাইড্রোজেন কার্বোনেট, ক্লোরাইড ও সালফেট লবণ সাবানের সাথে বিক্রিয়া করে অদ্রবণীয় গাদ তৈরি করে। একারণেই মূলত খর পানিতে সাবান ফেনা তৈরি করে না। যেমন: 2R - COO- + Ca2+ ---- (RCOO)2 Ca

সাবানের অ্যানায়ন অদ্রবণীয় গাদ তাই খর পানিতে সাবন অকার্যকর।

H3O+ क H2O এর অনুবন্ধী অম বলা হয় কেন? ব্যাখ্যা কর।

উত্তর: ব্রনস্টেড-লাউরি অম্ল-ক্ষারক মতবাদ অনুসারে কোনো ক্ষারক, অম্ল প্রদত্ত একটি প্রোটন গ্রহণ করার পর যে অণু বা আয়নে পরিণত হয়, তাকে ঐ ক্ষারকের অনুবন্ধী অমু বলে।

$$H_2O + HCl$$
  $\rightleftharpoons$   $H_3O^+ + Cl^-$   
कादक

এখানে  $H_3O^+$  আয়ন, পানি  $(H_2O)$ , এসিড (HCl) কর্তৃক ত্যাগকৃত প্রোটন গ্রহণ করে তৈরি হয় তাই  ${
m H_3O^+}$  কে  ${
m H_2O}$  এর অনুবন্ধী অমু বলা হয়।

12. পানির BOD 5mg/L বলতে কী বুঝায়?

> [BB'23; SB'22; BB'22; Din.B'22; DB'21; JB'21; CB'21; Ctg.B'17; Din.B'17]

উত্তর: BOD তথা Biological Oxygen Demand পানির বিশুদ্ধতার একটি মাপকাঠি। পানির BOD 5 mg/L বলতে বোঝায় 1.0 L পানিতে উপস্থিত জৈব বর্জ্যকে জারিত করতে 5mg O2 প্রয়োজন। BOD এর মান যত বেশি পানিতে দৃষণ তত অধিক অর্থাৎ বিশুদ্ধতা তত কম।

AICI3 এর জলীয় দ্রবণ অম্পীয়-ব্যাখ্যা কর। 13. [BB'23] উত্তর: AICl3 জলীয় দ্রবণে নিমুরূপে বিক্রিয়া করে:

$$AlCl_3 + H_2O \rightarrow Al(OH)_3 + HCl$$
দুর্বল ক্ষারক

AICl<sub>3</sub> পানিতে দুর্বল ক্ষারক AI(OH)<sub>3</sub> ও সবল এসিড HCl উৎপন্ন করে। Al(OH)3 দুর্বল ক্ষারক হওয়ায় কম পরিমাণ আয়নিত হয়ে অপ্প সংখ্যক OH<sup>-</sup> দান করে। HCl সবল এসিড অধিক পরিমাণ আয়নিত হয়ে অনেক বেশি H<sup>+</sup> দান করে। দ্রবণে H<sup>+</sup> আয়ন অধিক পরিমাণ থাকায় AlCl<sub>3</sub> এর জলীয় দ্রবণ অমুধর্মী।

 $64 \mathrm{g} \ \mathrm{O}_2$  গ্যাসের জন্য ভ্যান্ডার ওয়ালস সমীকরণ লেখ। 14. [BB'23, DB'21]

উত্তর: ভ্যানভার ওয়ালস সমীকরণ মূলত বাস্তব গ্যাসের সমীকরণকে নির্দেশ করে যা আদর্শ গ্যাস সূত্রের সংশোধন। আমরা জানি, ভ্যান্ডারওয়ালস স্মীকরণ-

$$\left(P+\frac{n^2a}{v^2}\right)$$
  $(V-nb)=nRT$   $[n$  মোলের ক্ষেত্রে] এখানে,  $n$  মূলত গ্যাসের মোলসংখ্যা নির্দেশ করে।  $64g$   $O_2$  হলো  $2$  mol  $O_2$ । অর্থাৎ,  $n=2$  mol  $2$  mol  $O_2$  এর জন্য,  $\left(P+\frac{2^2a}{v^2}\right)(V-2b)=2RT$   $[n=2]$   $\Rightarrow \left(P+\frac{4a}{v^2}\right)(V-2b)=2RT;$ 

15. "নমুনা পানি BOD 10 ppm" বলতে কী বৃঝ? উত্তর: BOD তথা Biological Oxygen Demand পানির বিভদ্ধতার একটি মাপকাঠি। পানির BOD 10mg / L মানে 1L পানিতে উপস্থিত জৈব বর্জ্য পদার্থকে জারিত করতে  $10 \mathrm{mg}~\mathrm{O}_2$ প্রয়োজন। BOD যত বেশি হয় পানিতে দৃষণের মাত্রা তত বেশি হয়।

H<sub>2</sub>PO₄ উভধর্মী পদার্থ— ব্যাখ্যা কর। 16. উত্তর: যে সকল পদার্থ অবস্থাভেদে অমু ও ক্ষারক উভয়ের মতো আচরণ করতে পারে তাকে উভধর্মী পদার্থ বলে।  ${
m H_2PO_4^-}$  একটি H<sup>+</sup> ত্যাগ করে HPO<sup>2-</sup> এ পরিণত হয় যা অম্ল হিসেবে কাজ করে। আবার একটি  ${
m H}^+$  গ্রহণ করে  ${
m H_3PO_4}$  গঠন করে যা ক্ষারের আচরণ।

> H<sub>2</sub>PO<sub>4</sub> - H+ ---- HPO<sub>4</sub> - [অন্ন ধর্ম] H<sub>2</sub>PO<sub>4</sub> + H+ ---- H<sub>3</sub>PO<sub>4</sub> [ক্ষার ধর্ম]

তাই, H2PO উভধর্মী পাদার্থ।

দুর্বল এসিডের অনুবন্ধী ক্ষারক সবল হয় কেন? ব্যাখ্যা কর।
 [MB'23; DB'22]

উত্তর: দুর্বল এসিডের অনুবন্ধী ক্ষারক সবল হওয়ার কারণ হলো: এসিড ক্ষারকের তীব্রতার বিপরীতমুখী কারণ হলো যথাক্রমে প্রোটন ত্যাগ ও প্রোটন গ্রহণ প্রবণতার ভিন্নতা।

মৃদু বা দুর্বল এসিডের প্রোটন ত্যাগের ক্ষমতা কম হওয়ায় এর অনুবন্ধী ক্ষার বিপরীতক্রমে প্রোটন গ্রহণের উচ্চ প্রবণতা দেখায় অর্থাৎ মৃদু এসিডের অনুবন্ধী ক্ষারক তীব্র হয়।

 $CH_3 - COOH + H_2O \rightleftharpoons CH_3COO^- + H_3O^+$ 

এসিড কারক অনুবন্ধী কারক অনুবন্ধী এসিড উপরের উদাহরণ অনুযায়ী,  $CH_3COOH$  একটি মৃদু অন্ন। এর অনুবন্ধী কার  $CH_3 - COO^-$ , যা অতি তীব্র।

18. BF<sub>3</sub> একটি লুইস এসিড-ব্যাখ্যা কর।

[MB'23; CB'22; BB'17]

উত্তর: যেসব যৌগ বা আয়ন অন্য দাতা গ্রুপ হতে F,
দানকৃত ইলেকট্রন যুগলকে গ্রহণ করতে পারে B—F
তাদেরকে লুইস অমু বলে। BF<sub>3</sub> একজোড়া ইলেকট্রন F
গ্রহণ করতে পারে। কারণ BF<sub>3</sub> যৌগের অণুস্থ বোরনের (B) অষ্টক
অপূর্ণ এবং ইলেকট্রন গ্রহণে সক্ষম। তাই BF<sub>3</sub> কে লুইস অমু বলে।
সি.জি.এস এককে মোলার গ্যাস ধ্রুবকের মান নির্ণয় কর।

[RB'22] উত্তর: CGS এককে গ্যাসের চাপকে ডাইন প্রতি বর্গ সেন্টিমিটার (dyne cm²) এবং গ্যাসের আয়তনকে ঘন

সেন্টিমিটার (cm³) এককে প্রকাশ করা হয়। অতএব C.G.S এককে, এক মোল গ্যাসের বেলায়-

P = 1 atm = 76 cm (Hg) =  $76 \times 13.6 \times 981$  dyne cm<sup>-2</sup> V = 22.414 L =  $22.414 \times 10^3$  cm<sup>3</sup> = 22414 cm<sup>3</sup> [: P = h ×  $\rho$  × g] [g = 981 cm s<sup>-2</sup>,  $\rho$  = 13.6gcm<sup>-3</sup>] [1 dyne = 1 g cm s<sup>-2</sup>]

 $R = \frac{P \times V}{n \times T}$ =\frac{(76 \times 13.6 \times 981 \text{ dyne cm}^{-2}) \times 22414 \text{ cm}^3}{1 \text{ mol} \times 273 15K}

T = 273.15 K এবং n = 1 mol

 $\therefore R = 8.32 \times 10^7 \text{ (dyne. cm)} \text{K}^{-1} \text{ mol}^{-1}$ 

 $= 8.32 \times 10^7 \text{ erg K}^{-1} \text{ mol}^{-1} [:: 1 \text{ dyne. cm} = 1 \text{ erg}]$ 

 $= 8.32 \times 10^7 \, \mathrm{erg K^{-1} \, mol^{-1}}$ 

20. পানির COD 1.5 mgL<sup>-1</sup> বলতে কী বুঝ? [RB'22]

উত্তর: পানির COD বলতে যা বুঝায় তা হলো: প্রতি লিটার পানিতে উপস্থিত মোট জৈব ও অজৈব অর্থাৎ মোট রাসায়নিক অপদ্রব্যকে জারিত করতে যতো মিলিগ্রাম (mg)  $O_2$ প্রয়োজন হয়, তাকে COD বলে। পানির COD 1.5 mgL<sup>-1</sup> বলতে বঝায়–

 লিটার পানিতে উপস্থিত মোট জৈব ও অজৈব অর্থাৎ মোট রাসায়নিক অপদ্রবকে জারিত করতে 1.5mg O<sub>2</sub> প্রয়োজন হয়।

চার্লসের সূত্র থেকে কীভাবে পরমশৃন্য তাপমাত্রার ধারণা প্র
করবে?

[Cig.b]

উত্তর: চার্লসের সূত্রানুসারে পাই:

$$V_t = V_0 + V_0 \frac{t}{273} \dots \dots (i)$$

আর কল্পনাযোগ্য সর্বনিম্ন যে তাপমাত্রায় সকল গ্যাসের হা তত্ত্বীয়ভাবে শূন্য হয়ে যায় তাকে পরমশূন্য তাপমাত্রা বলে মান –273°C।

সমীকরণ (i) এ t এর মান -273°C বসালে আর্ত্র পাওয়া যায়।

 $V_{-273} = V_0 + \frac{V_0}{273}(-273) = V_0 - V_0 = 0$ 

অর্থাৎ -273°C তাপমাত্রায় গ্যাসের আয়তন শূন্য। প্রকৃত -273°C তাপমাত্রায় কোনো গ্যাসের আয়তন পরিমাপ যায় না। এ ন্যূনতম তাপমাত্রায় সকল পদার্থের ভূ কণাগুলো ছির থাকবে, ফলে অণুগুলোর কোনো গতি থাকবে না।

22. FeCl<sub>3</sub> লুইস এসিড কেন? ব্যাখ্যা কর।

[SB'22, 19; MB'21; Din.I

উত্তর: আমরা জানি লুইস এসিড একজোড়া ইলেকট্রন গ্রহণ  $FeCl_3$  এর কেন্দ্রীয় পরমাণু Fe এর ইলেকট্রন বিন্যাস:  $1s^22s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^6\ 4s^2$ 

তিনটি Cl পরমাণুর সাথে ইলেকট্রন জোড় শেয়ার করার তার এক জোড়া ইলেকট্রন এর ঘাটতি থাকে। তাই স্কুজোড় ইলেকট্রন গ্রহণে সক্ষম। তাই FeCl<sub>3</sub> লুইস এ

 ব্যাখ্যা কর HClO<sub>4</sub> একটি শক্তিশালী অমু হলেও এর ত ক্ষারকটি দুর্বল।

> উত্তর: HClO<sub>4</sub> একটি শক্তিশালী অমু হলেও এর জ্ ক্ষারকটি দুর্বল:

> HCIO<sub>4</sub> একটি শক্তিশালী অম্ন হওয়ায় বা এর এসিডের বিশি হওয়ায়, এর প্রোটন ত্যাগের প্রবণতা উচ্চ হয়। এই বিপরীতমুখী বিক্রিয়ায় ঐ এসিডটির অনুবন্ধী ক্ষারকের। গ্রহনের প্রবণতা হ্রাস পায়। অর্থাৎ অনুবন্ধী ক্ষারকটি মৃদু

মহদের প্রধনতা প্রান নারা অবাং অনুবার কারণে সূত্র  $HClO_4$  +  $H_2O$   $\Rightarrow$   $H_3O^+$  + ClC এসিড ক্ষার অনুবারী এসিড অনুবার্গ এখানে  $HClO_4$  সমাখুখমুখী বিক্রিয়া সহজে  $H^+$  ছেড়ে  $ClO_4$  এ পরিণত হবে। কিন্তু  $ClO_4$  ছিতিশীল খৌগের গ্রহণের প্রবণতা কম হওয়ায়  $ClO_4$  সহজে  $H^+$  এফা  $HClO_4$  এসিডে পরিণত হতে পারবে না।

19.

- গ্যাসের গতিশক্তি নির্ণয়ে RMS বেগ কেন অধিক উপযোগী? 24. ব্যাখ্যা কর। [JB'22; Ctg.B'21; DB'17] উত্তর: যেকোনো পরিমাণ গ্যাসে অসংখ্য অণু থাকে। সংঘর্ষের ফলে অণুগুলোর গতিবেগের তারতম্য হয় এবং অণুগুলো বিভিন্ন বেগে বিভিন্ন দিকে গতিশীল থাকে। বিভিন্ন বেগে চলা সকল গ্যাসের অণুগুলোর বেগের বর্গের গড় মানের বর্গমূল তথা গড় বর্গবেগের বর্গমূল নেয়। এক্ষেত্রে গড় বেগ ব্যবহার করা হয় না কারণ গড় বেগ বিবেচনায় প্রাপ্ত গতিশক্তি প্রকৃত গতিশক্তি থেকে কম হয়। এখানে যেহেতু প্রতিটি কণার স্বতন্ত্র ধর্ম পরিমাপ না করে অসংখ্য সৃহন্ধ কণার সমন্বয়ে সমিলিত ধর্মের পরিমাপ করা হয়। তাই গ্যাসের গতিশক্তি নির্ণয়ে RMS বেগ অধিক উপযোগী।
- $\mathrm{HNO}_3$  অপেক্ষা  $\mathrm{H_3PO}_4$  দুর্বল এসিড কেন? 25. উত্তর:  $\mathrm{HNO}_3$  এবং  $\mathrm{H_3PO_4}$  যৌগ দৃটির ক্ষেত্রে তাদের কেন্দ্রীয় মৌল যথাক্রমে N ও P উভয়ের জারণমান +5। কিন্তু জারণমান একই হলে কেন্দ্রীয় মৌলের আকার বিবেচনা করতে হবে। এক্ষেত্রে N ও P এর মধ্যে N এর আকার P অপেক্ষা ছোট হয়। আবার N এর তড়িৎ ঋণাত্মকতা P অপেক্ষা বেশি। ফলে N মৌল যত সহজে N-H বন্ধনের ইলেকট্রন নিজের দিকে টেনে নিয়ে H<sup>+</sup> ত্যাগ করতে পারে H₃PO₄তত সহজে পারে না। ফলে HNO3 অপেক্ষা H3PO4 দুর্বল এসিড।
- HCl(g) অপেক্ষা  $NH_3(g)$  এর ব্যাপন হার বেশি কেন? [CB'22] উত্তর: HCl(g) অপেক্ষা NH3(g) এর ব্যাপন হার বেশি:

আমরা জানি, ব্যাপন হার ঘনত্বের বর্গমূলের ব্যস্তানুপাতিক। ব্যাপন হার,  $r \propto \frac{1}{\sqrt{d}}; \; r \propto \frac{1}{\sqrt{\frac{M}{V}}}$ 

∴ r ∝ 1/√M [স্থির আয়তনে]

 $\mathrm{HCl}$  ও  $\mathrm{NH_3}$  এর আণবিক ভর যথাক্রমে 36.5 এবং  $17\,\mathrm{I}$ এক্ষেত্রে যার আণবিক ভর কম হবে তার ব্যাপন হার বেশি।  $\mathrm{NH_3}$  এর আণবিক ভর HCl অপেক্ষা কম হওয়ায়  $\mathrm{NH_3}$  এর ব্যাপন হার বেশি।

NH3 একটি লুইস ক্ষারক-ব্যাখ্যা কর। [Din.B'22] উত্তর: NH3 একটি লুইস ক্ষারক: লুইস এর ইলেকট্রনীয় মতবাদ অনুযায়ী, এক জোড়া ইলেকট্রন দানে সক্ষম পদার্থকে লুইস ক্ষারক বলে। যেমন: NH3ও HCl এর সংযোগে NH4Cl গঠিত হয়। এক্ষেত্রে NH<sub>3</sub> ইলেকট্রন দাতা বলে ক্ষারক এবং HCl ইলেকট্রন জোড় গ্রহণ করে বলে এসিড হিসেবে কাজ করে।  $: NH_3 + H^+CI^- = H_3N: \rightarrow H^+CI^- = NH_4CI$ 

ব্রনস্টেড-লাউরির মতবাদ অনুসারে উদাহরণসহ অমু ও ক্ষারের সংজ্ঞা দাও। [MB'22] উত্তর: ব্রনস্টেড লাউরী মতবাদ অনুসারে, যে সব পদার্থ অন্য পদার্থকে প্রোটন দান করতে পারে তাদের এসিড বলে। অপরদিকে, যে সব পদার্থ প্রোটন দাতার কাছ থেকে প্রোটন গ্রহণ করতে পারে তাদের ক্ষারক বলে। সুতরাং প্রোটনীয় ধারণা অনুযায়ী প্রোটন দাতা মাত্রই এসিড এবং একইভাবে সব প্রোটন গ্রহীতাই ক্ষারক। উদাহরণ:  $HCl \odot NH_3$  এর বিক্রিয়ায়  $NH_4Cl$  তথা দ্রবণে NH¼ ও CI⁻ আয়ন গঠিত হয়।

 $NH_3 + HCl \rightleftharpoons NH_4^+ + Cl^-$ এ বিক্রিয়ায় HCl প্রোটন দান করে Cl<sup>-</sup> আয়নে পরিণত হয়। তাই প্রোটন দাতা হিসেবে HCl এখানে এসিড। আবার NH3 ঐ প্রোটন গ্রহণ করে NH‡ আয়নে পরিণত হয়। সুতরাং NH3 প্রোটন গ্রহণে সক্ষম বলে এটি একটি ক্ষারক। আবার বিপরীতক্রমে NH‡ আয়ন প্রোটন ত্যাগ করে ও  $Cl^-$  আয়ন প্রোটন গ্রহণ করে। তাই  $NH_d^+$ আয়ন এসিড ও Cl- আয়ন ক্ষারক।


- 29. গ্রাহামের ব্যাপন সূত্রটি ব্যাখ্যা কর। উত্তর: "নির্দিষ্ট তাপমাত্রা ও চাপে কোনো গ্যাসের ব্যাপনের হার তার ঘনত্বের বর্গমূলের ব্যস্তানুপাতিক।" যদি নির্দিষ্ট তাপমাত্রায় কোনো গ্যাসের ঘনতৃ d এবং গ্যাসের ব্যাপনের হার r হয়, তবে এ সূত্রানুসারে $r \propto \frac{1}{\sqrt{d}}$  ⇒  $r = K \frac{1}{\sqrt{d}}$  [এখানে K একটি ধ্রুবক।]
- বাইসালফেট আয়ন একটি উভধর্মী আয়ন কেন? 30. [RB'21, 19; DB'19; JB'19; MB'19] উত্তর: যেসব যৌগ ও আয়ন অবস্থাভেদে অপর বিক্রিয়কের প্রকৃতির ওপর নির্ভর করে একাধিক বিক্রিয়ায় অম্ল ও ক্ষারক উভয়রূপে ক্রিয়া করে, তাদেরকে উভধর্মী যৌগ বা আয়ন বলে। HSO₄ একটি উভধর্মী আয়ন। অম্বর্ধর্ম: HSO<sub>4</sub> → SO<sub>4</sub><sup>2-</sup> + H+ ফারধর্ম: HSO<sub>4</sub> + H<sup>+</sup> → H<sub>2</sub>SO<sub>4</sub> তাই, HSO∓ আয়ন একটি উভধর্মী আয়ন।
- 'R' কে সর্বজনীন গ্যাস ধ্রুবক বলা হয় কেন? 31. উত্তর: আদর্শ গ্যাসের সমীকরণ PV = nRT এর ধ্রুবক R কে সার্বজনীন গ্যাস ধ্রুবক বলা হয়। কারণ একই তাপমাত্রা ও চাপে এক মোল কোনো গ্যাসের আয়তন সমান হওয়ায় সব গ্যাসের বেলায় ঐ গ্যাস ধ্রুবকের মান একই হয়।
- কোন শর্তে বাস্তব গ্যাস আদর্শ গ্যাসের ন্যায় আচরণ করবে? [CB'21] উত্তর: নিমু চাপ এবং উচ্চ তাপমাত্রায় বাস্তব গ্যাস আদর্শ গ্যাসের ন্যায় আচরণ করে। বাস্তব গ্যাসের জন্য ভ্যান্ডারওয়ালস সমীকরণ:

 $\left(P + \frac{n^2 a}{V^2}\right)(V - nb) = nRT$ 

গাণিতিকভাবে, বেশি তাপমাত্রায় এবং কম চাপে, V এর মান খুব বড় হয়ে যায় ফলে গ্যাসের অণুগুলির মাঝের দূরত্ব বেড়ে যায়। এতে আন্তঃআণবিক আকর্ষণ নগন্য হয়ে যায়। সূতরাং V এর তুলনায় nb নগন্য হয়ে যায়, V এর বিশাল মানের জন্য  $rac{n^2a}{v^2}$ এর মান নগন্য হয়ে যায়। সূতরাং, P এর সাপেক্ষে  $rac{n^2a}{V^2}$  কে নগন্য বলা যায়। তাই এই অবস্থায় বাস্তব গ্যাস PV = nRT সূত্র মেনে চলে। তথা আদর্শ গ্যাসের ন্যায় আচরণ করে।

## Educatio क्राया उराधिक व्यक्तिक व्यक्तिक विश्व

 $\mathrm{NH_3} + \mathrm{HCl} \rightleftharpoons \mathrm{NH_4^+} + \mathrm{Cl^-}$  সমীকরণে অনুবন্ধী এসিড-33. [JB'21] क्षात्रक यूगन वृक्षिरम निथ। উত্তর: ব্রনস্টেড লাউরি মতবাদ অনুযায়ী-অনুবন্ধী এসিড: ক্ষারকের সাথে (H+) যুক্ত হওয়ার ফলে অনুবন্ধী এসিড তৈরি হয়।



উক্ত সমীকরণে NH3, HCl হতে প্রোটন (H+) গ্রহণ করে NH‡ এ পরিণত হয়। অর্থাৎ, NH3 ক্ষার ও NH4 হলো NH3 এর অনুবন্ধী এসিড।

অনুবন্ধী ক্ষারক: এসিড থেকে (H<sup>+</sup>) অপসারণের ফলে অনুবন্ধী ক্ষারক তৈরি হয়।

আবার, উক্ত সমীকরণে HCl, NH3 কে প্রোটন H+ দান করে Cl<sup>-</sup> এ পরিণত হয়। অর্থাৎ, HCl অম্ল ও Cl - হলো অনুবন্ধী ক্ষার।

 $\mathrm{NH_3}$  একাধারে ব্রনস্টেড লাউরি ও লুইস ক্ষারক- ব্যাখ্যা কর। 34.

উত্তর: ব্রনস্টেড লাউরি তত্ত্মতে ক্ষারক হলো এমন একটি যৌগ বা আয়ন, যা অমু হতে প্রোটন (H<sup>+</sup>) গ্রহণ করতে পারে।

 $NH_3 + HCl \rightarrow NH_4^+ + Cl^-$ 

 $\mathrm{NH_3}$  অণু HCl এসিড প্রদত্ত প্রোটন গ্রহণ করার কারণে একটি ক্ষারক। অপরদিকে লুইস ক্ষারক হলো এমন যৌগ বা আয়ন যা একটি ইলেকট্রন জোড় দান করে।

$$F = H + :N - H \longrightarrow F \longrightarrow B \leftarrow :N - H \longrightarrow H$$

সূতরাং,  $\mathrm{NH_3}$  একাধারে ব্রনস্টেড লাউরি ও লুইস ক্ষারক। ডাল্টনের আংশিক চাপ সূত্রটি বিবৃত কর। উত্তর: ডাল্টনের আংশিক চাপ সূত্র: নির্দিষ্ট তাপমাত্রার পরস্পর বিক্রিয়াবিহীন দুই বা ততোধিক গ্যাস মিশ্রণের মোট চাপ ঐ তাপমাত্রায় তার উপাদান গ্যাস সমূহের আর্থশিক চাপের যোগফলের সমান।

 $P = P_1 + P_2 + P_3 + \cdots + P_n$ 

H2SO4 এর অনুবদ্ধী ক্ষারক কী? যুক্তিসহ লিখ। [Din.B'21] উত্তর: কোনো অমু থেকে প্রোটন অপসারণের ফলে যে ক্ষারকের সৃষ্টি হয় তাকে ঐ অম্লের অনুবন্ধী ক্ষারক বলে। H2SO4 থেকে একটি প্রোটন অপসারণের ফলে HSO ৄ উৎপন্ন হয়। তাই HSO4 হচ্ছে H2SO4 এর অনুবন্ধী ক্ষারক।

 $H_2SO_4 \Longrightarrow H^+ + HSO_4$ 

HSO₄ অনুবন্ধী ক্ষারক কী? ব্যাখ্যা কর। 37. উত্তর: কোনো এসিড একটি প্রোটন (H<sup>+</sup>) ত্যাগ করে <sub>বি</sub> পরিণত হয়, তাকে তার অনুবন্ধী ক্ষারক বলে।  $H_2SO_4 \rightleftharpoons H^+ + HSO_4$ 

সূতরাং HSO∓ অনুবন্ধী ক্ষারক

কার্বন মনোক্সাইডকে নীরব ঘাতক বলা হয় কেন? 38. উত্তর: CO কে নীরব ঘাতক বলা হয় কারণ এটি বর্ণহীন্ত্র গ্যাস এবং এটি শ্বাস-প্রশ্বাস এর মাধ্যমে প্রবেশ করে; হিমোগ্নোবিনের সাথে যুক্ত হয়ে "কার্বব্রিহিমোগ্নোকি করে। ফলে রক্তের  $\,O_2\,$  পরিবহন বাধা পায় যা হন ক্ষতিসাধন করে।

 $HbO_2 + CO \rightleftharpoons COHb + O_2$ 

- তাপমাত্রা বৃদ্ধি করলে গ্যাসের চাপ বৃদ্ধি পায় কেন? [B] 39. উত্তর: তাপমাত্রা বৃদ্ধিতে গ্যাসের অণুসমূহের মধ্যে ছোটাছু পায়। কারণ গ্যাস অণুগুলো অধিক শক্তি অর্জন করে। ফল আয়তনের পাত্রের দেয়ালে অণুগুলো পূর্বের তুলনায় অধিক দেয়। ফলে গ্যাসের চাপ বৃদ্ধি পায়। এছাড়াও গে লুসাকের চ গ্যাসের চাপ বৃদ্ধি পায়।
- মোল-ভগ্নাংশ তাপমাত্রার উপর নির্ভর করে কি? ব্যাখ্য 40.

উত্তর: মোল ভগ্নাংশ তাপমাত্রার উপর নির্ভর করে না। ভগ্নাংশের সংজ্ঞানুসারে, দ্রবণের কোনো উপাদানের মোল এবং দ্রবণে বিদ্যমান সব উপাদানের মোল সংখ্যার যোগ অনুপাতকে সে উপাদানের মোল ভগ্নাংশ বলে।

যে কোনো দ্রবণে যে কোনো উপাদানের মোল ভগ্নাংশ একটি হবে, যার সর্বনিম্ন মান শূন্য (অর্থাৎ দ্রবণে তা অনুপস্থিত) এ সর্বোচ্চ মান এক (অর্থাৎ বিতদ্ধ উপাদানে, এতে অনা। উপাদান নেই)। মোল ভগ্নাংশ তধুমাত্র উপাদানসমূহের মোল উপর নির্ভরশীল, যা আবার উপাদানসমূহের ভর ও আণবিক উপর নির্ভরশীল। এ দুটি বিষয় তাপমাত্রা বা অন্য কিছুর নির্ভরশীল না হওয়ায় মোল ভগ্নাংশ তাপমাত্রার উপর নির্ভরশী কেননা তাপমাত্রার পরিবর্তনে কোনো পদার্থের ভর বা মোল <sup>হ</sup> কোনো পরিবর্তন হয় না।

(Din.) পানির অস্থায়ী খরতা কিভাবে দূর করা যায়? 41. উত্তর: যে পানি সাবানের সঙ্গে ফেনা দেয় না ও ময়লা পরিক্ষ না তাকে খর পানি বলে। পানিতে Ca, Mg, Al ও Fe এর কার্বনেট উপস্থিত থাকলে পানি অস্থায়ী খর হয়। পানিকে <sup>উত্তর</sup> পানির অস্থায়ী খরতা দূর করা যায়। খরতার জন্য দা<sup>ন্নী Ca</sup> লবণকে অদ্রবণীয় যৌগ হিসেবে অধঃক্ষিপ্ত করে বা আ<sup>য়ুন হি</sup> পদ্ধতিতেও পানির অস্থায়ী খরতা দূর করা যায়।

### বিগত বোর্ড পরীক্ষাসমূহের MCQ প্রশ্ন

- পানিতে আদর্শ DO এর মান পিপিএম এককে কত? [DB'23] 01.
- (b) 6
- (c) 10
- (d) 14
- অ্যামাগা লেখচিত্রে কোনটি অধিক ঋণাত্মক বিচ্যুতি দেখায়?[DB'23] 02. (b) NH<sub>3</sub> (a) H<sub>2</sub> (c) He

- (d)  $CO_2$
- OH- এর অনুবন্ধী ক্ষার কোনটি? 03.
- [DB'23; RB'17]

- (a)  $0^{2}$
- (b) H<sub>2</sub>O
- (c)  $H_3O^+$
- $(d) 0_2$
- কোন মিশ্রণটি ডাল্টনের আংশিক চাপ সূত্র মেনে চলে? [DB'23] 04. (a) NH<sub>3</sub>, HCl
- (b) C2H6, N2
- (c) SO<sub>2</sub>, H<sub>2</sub>S
- (d)  $SO_2, O_2$
- SnO2 এর ক্ষারকত্ব কত? 05.
- [DB'23]


- (c) 6 (d) 8
- বাস্তব গ্যাসের সমীকরণ কোনটি? 06.
- [RB'23]

- (a) PV = nRT
- (b) PV = RT
- (c)  $\left(P + \frac{n^2 a}{V^2}\right) (V nb) = nRT$

(b) 4

(d)  $PV = \frac{1}{2} mNc^2$ 

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



Y-গ্যাসের পরমাণুটির সর্বশেষ শক্তিন্তরের ইলেকট্রন বিন্যাস ns<sup>2</sup>np<sup>4</sup>, যেখানে n = 2

- STP তে 0.25 mol Y গ্যাসের অণুর ভর কত? 07.
  - [RB'23] (c) 8g
  - (a) 3.5g (b) 7g উদ্দীপকের X -গ্যাস-

- (d) 16g [RB'23]
- (i) এর পেষণ গুণাংক Z=1 (ii) PV=nRT সূত্র মেনে চলে
  - (iii) এর অণুসমূহের মধ্যে আকর্ষণ বল বিদ্যমান
  - নিচের কোনটি সঠিক?
  - (a) i, ii

08.

09

- (b) i, iii
- (c) ii, iii
- (d) i, ii, iii

- কোনটি HCO; এর অনুবন্ধী ক্ষারক? 09. [RB'23; DB'17]
  - (a)  $H_2CO_3$  (b)  $CO_2$
- (c) H<sub>2</sub>O
- (d)  $CO_3^{2-}$
- কোনটির ব্যাপন হার সবচেয়ে বেশি? 10.
- [RB'23]
- (a) বিউটেন (b) প্রোপেন (c) ইথেন
- (d) মিথেন
- 20 ও 30 মোল সংখ্যাবিশিষ্ট যথাক্রমে A ও B গ্যাসদ্বয়ের মিগ্রণের মোট চাপ 12 atm হলে A গ্যাসের আংশিক চাপ কত হবে?

00

- (a) 2.7 atm (b) 4.8 atm (c) 7.2 atm (d) 8.4 atm
- এক মোল গ্যাসের গতিশক্তি সমীকরণ কোনটি?

[RB'23; MB'22]

- (a)  $3/2 \frac{RT}{N_A}$
- (b) 3/2 nRT
- (c) 3/2 RT
- (d) 2/3 RT
- কোন তথ্য সঠিক নয়?
- [Ctg.B'23]
- (a) নমুনা পানির COD এর মান BOD অপেক্ষা বেশি হয়।
  - (b) খর পানিতে Ca<sup>2+</sup> ও Mg<sup>2+</sup> এর লবণ দ্রবীভূত হয়।
  - (c) WHO মতে পানীয় জলের pH সীমা 6.5 8.5।
  - (d) ভূ-পৃষ্ঠের পানিতে HNO3 দ্রবীভূত থাকে।
- বাস্তব গ্যাসের ক্ষেত্রে প্রযোজ্য-
- [Ctg.B'23]
- (i)  $\left(\frac{\delta E}{\delta V}\right)_T = 0$
- (ii)  $Z \neq 1$
- (iii)  $\left(P + \frac{n^2 a}{v^2}\right) (v nb) = nRT$

নিচের কোনটি সঠিক?

- (a) i
- (b) i, ii
- (c) ii, iii
- (d) i, ii, iii
- 15. SATP তে সমপরিমাণ (gm) গ্যাসের আয়তন সবচেয়ে কম কোন গ্যাসের? [Ctg.B'23]
  - (a) CO<sub>2</sub>
- (b)  $0_2$
- (c) NH<sub>3</sub>
- (d) N<sub>2</sub>
- [Fe(H<sub>2</sub>O)<sub>6</sub>]<sup>3+</sup> এসিডের অনুবন্ধী ক্ষারক হলো– [Ctg.B'23] 16.
  - (a)  $[Fe(H_2O)_4(OH)_2]^+$
- (b) [Fe(H2O)5(OH)]2+
- (c)  $[Fe(H_2O)_5(OH)]^{3+}$
- (d)  $[Fe(H_2O)_6(OH)]^{2+}$

### MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

01. b	02. b	03. a	04. b	05. a	06. c	07. с	08. a	09. d	10. d	11. b	12. c	13. d	14. c	15. a	16. b
									Service Control				-		

- 02. Z এর মান এর ক্ষেত্রে,  $H_2 \rightarrow > 1$ 
  - $NH_3 \rightarrow 0.946$ ; He  $\rightarrow > 1$ ;  $CO_2 \rightarrow 0.95$
  - Z > 1 হলে ধনাত্মক বিচ্যুতি।
  - Z < 1 হলে ঋণাত্মক বিচ্যুতি।
- Y পরমাণুর ইলেকট্রন বিন্যাস  $1s^2 2s^2 2p^4$ । অর্থাৎ, মোট ইলেকট্রন 07. ৪টি। :: Y গ্যাসটি হলো O2।
  - $n = \frac{w}{M} \, \text{TI}, w = nM = 0.25 \times 32 = 8g$  $HCO_3^- + OH^- \rightarrow CO_3^{2-}$

- $\mathbf{r} \propto \frac{1}{\sqrt{M}}$ ; মিথেনের আণবিক ভর সবচেয়ে কম।
- $P_A = \frac{n_A}{n_A + n_B} \times P = \frac{20}{20 + 30} \times 12 = \frac{20}{50} \times 12 = 4.8 \text{ atm}$
- $E_k = \frac{3}{2} nRT = \frac{3}{2} \times 1 \times RT = \frac{3}{2} RT$ 15.
  - $PV = \frac{w}{M}RT$ ; এখানে, P, w, R, T নির্দিষ্ট।  $\therefore$   $V \propto \frac{1}{M}$  অর্থাৎ, যার ভর (M) বেশি তার আয়তন সবচেয়ে কম ( $CO_2$ )।
- $[Fe(H_2O)_6]^{3+} + H_2O \rightarrow [Fe(H_2O)_5(OH)]^{2+} + H_3O^+$



### HSC প্রস্নব্যাংক ২০২৫

- Education
- 27°C তাপমাত্রায় 8g CH, গ্যামের গতিশক্তি কড জুল? 17.

[Ctg.B'23]

- (b) 1870.65 (c) 3741.30 (d) 4870.30
- 18. কোন গ্যাসটি বয়েলের সূত্র হতে সবচেয়ে কম বিচ্নাত হবে? [Ctg.B'23']
  - (a) H.
- (b) CO2
- (c) N<sub>2</sub>
- 19. SATP তে নাইট্রাস অক্সাইড গ্যাসের ঘনত gl. 1 এককে কত? [Ctg.B'23]
  - (a) 1.77
- (b) 1.96
- (c) 1.85
- (d) 1.21

(d) O<sub>2</sub>

কোনটি উভধর্মী আয়ন? 20.

[SB'23]

- (a) HS-
- (b) OH-
- (e) CH<sub>3</sub>COO<sup>-</sup> (d) CO<sub>3</sub><sup>-</sup>
- 21. S.I. এককে R-এর মান কোনটি?

[SB'23, 21; RB'22]

- (a) 0.082 L atm K-1 mol-1
  - (b) 8.314 JK-1 mol-1
  - (c)  $8.314 \times 10^7 \text{ ergk}^{-1} \text{ mol}^{-1}$
  - (d) 1.987 cal. K-1 mol-1
- CO2 অমুধর্মী কারণ, এটি---22.

[SB'23]

- (i) ইলেকট্রন জোড় গ্রহীতা
- (ii) প্রোটন দাতা
- (iii) ক্ষারকের সাথে বিক্রিয়া করে

নিচের কোনটি সঠিক?

- (a) i, ii
- (b) i, iii
- (c) ii, iii
- (d) i, ii, iii
- কোনটি পানিতে DO এর পরিমাণ হ্রাস করে? 23.

[SB'23]

- (a) জৈব দৃষক
- (b) অজৈব দৃষক
- (c) TDS
- (d) pH
- WHO কর্তৃক অনুমোদিত পানযোগ্য পানির pH সীমা কত? 24. [SB'23]
  - (a) 4.0 8.0
- (b) 5.5 7.5
- (c) 6.5 8.5
- (d) 7.0 10.0

- কোন গ্যাসন্বয়ের ব্যাপন হার সমান? 25.
  - (a) N2, C2H4
- (b) Cl<sub>2</sub>, O<sub>2</sub>
- (c)  $CO, O_2$
- (d)  $H_2, O_2$
- STP তে কোন গাাসের 2.0 গ্রাম সবচেয়ে বেশি আয়তন দ 26. করে? BB2
  - (a) O,
- (b) Cl<sub>2</sub>
- (c) He
- (d) N,

BBD


(BBT)

- নিচের কোন পদ্ধতি সহজে পানির স্থায়ী খরতা দূর করার ৯ 27. ব্যবহার করা যায় না? BBy
  - (a) स्कृतिन
  - (b) কম্টিক সোডা সংযোজন
  - (c) সোডিয়াম কার্বনেট সংযোজন
  - (d) পাতন
- কোনটি প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ? 28.
  - (c) K2Cr2O7 (d) HCl
- (a) KMnO<sub>4</sub> (b) NaOH গে-লুসাকের চাপের সূত্র নিচের কোনটি? [BB'23; Din.B'2 29.
  - (a) P ∝ T(V, n (要有)
- (b) V ∝ n(P, T [賽百)
- (c) V ∝ T(n, P 餐引)
- (d)  $V \propto \frac{1}{p} (n, T)$  ছिর)
- নিচের কোন গ্যাসটি আদর্শ আচরণ থেকে কম বিচ্যুতি দেখায় 1BB'23; CB'21; SB'1
  - (a) He
- (b) H<sub>2</sub>
- (c) CO<sub>2</sub>
- (d) N<sub>2</sub>[BB'23; Ctg.B'2
- 31. লুইস এসিড কোনটি?
- (a) AlCl<sub>3</sub>
- (b)  $H_2O$
- (c) R-NH<sub>2</sub> (d) PH<sub>3</sub>
- গ্রাহামের ব্যাপন সূত্রের গাণিতিক রূপ কোনটি?
  - JB"
  - (a)  $r \propto \sqrt{\frac{1}{p}}$  (b)  $r \propto T$  (c)  $r \propto n$  (d)  $r \propto \sqrt{\frac{1}{d}}$

### MCO উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

17. b 18. a 19. a 20. a 21. b	22. b	23. a	24. c	25. a	26. c	27. a	28. c	29. a	30. b	31. a	32.4
17. 0 16. 4 17. 4 2				-							

17. 
$$E = \frac{3}{2} nRT = \frac{3}{2} \times \frac{W}{M} \times RT$$
  
=  $\frac{3}{2} \times \frac{8}{16} \times 8.314 \times 300 J$   
=  $1870.65 J$ 



$$P = \frac{100}{101325} \text{ atm}$$
= 0.9869 atm  
M = (2 × 14 + 16)g  
= 44g (N<sub>2</sub>0)  
T = 298 K

 $1 \text{ gL}^{-1} = 1 \text{ kgm}^{-3}$ 

20	HS" + H	٠	H₂S (ক্ষারধর্মী)
	HC H	+	52 - (अमुधर्मी)

এককের নাম	R এর মান	আয়তদ	চাপ	B
1. L.atm একক	0.0821 L. atm. mol <sup>-1</sup> , K <sup>-1</sup>	L	atm	1
2. S.I বা, জুল একক	8.314 Jmol <sup>-1</sup> , K <sup>-1</sup>	m³	Pa বা Nm <sup>-2</sup>	k
3. CGS বা, আৰ্গ একক	$8.314 \times 10^{7}$ erg. mol <sup>-1</sup> , K <sup>-1</sup>	cm <sup>3</sup>	dyne. cm <sup>-2</sup>	8

গ্যাস	N <sub>2</sub>	C2H4	Cl <sub>2</sub>	02	co
আগবিক ভর (৪)	28	28	71	32	28

 $PV = \frac{W}{M}RT \wedge V \propto \frac{1}{M}$ He এর আণবিক ভর সবচেয়ে কম (4)। তাই, এটি সর্বাধিক <sup>আছর্ত</sup> मधन करतः

### HSC প্রস্তুব্যাংক ২০২৫



## Educationblog24 वजायन २य भवः व्यक्षाय-०३

(c) i, iii

10 মোল A এবং 30 মোল B গ্যানের মিশ্রণের মোট চাপ 12

বৃষ্টির পানিতে কোন পদার্থের উপস্থিতি এসিড বৃষ্টির মূল কারণ?

স্থির তাপমাত্রায় নির্দিষ্ট ভরের কোনো গ্যাসের আয়তন ও চাপের

(b) 9.0 atm

(b) HCl

(d) H<sub>2</sub>CO<sub>3</sub>

(d) 48.0 atm

[CB'23]

(d) i, ii, iii

[CB123]

[Din.B'23]

[Din.B'23; Ctg.B'22]

[Din.B'23, 221

(d) i, ii, iii

- ${
  m NH_3} + {
  m H_2O} \Longrightarrow {
  m NH_4^+} + {
  m OH^-}$  এই বিক্রিয়ায় অনুবন্ধী অমু কোনটি? [JB'23]
- ব্রনস্টেড-লাউরি মতবাদ অনুসারে-43. (i) PH# একটি অম্ল

(ii) এসিড প্রোটন দাতা

নিচের কোনটি সঠিক?

(a) i, ii

(a) 3.0 atm

(c) 16.0 atm

(a) HNO<sub>3</sub>

(a) পরাবৃত্ত

(c) অধিবৃত্ত

(c) CH<sub>3</sub>COOH

সম্পর্কযুক্ত রেখা কোন প্রকৃতির?

(b) মূলবিন্দুগামী সরলরেখা

আদর্শ গ্যাসের ক্ষেত্রে–

নিচের কোনটি সঠিক?

(i) PV = nRT

(d) Y-অক্ষ ছেদকারী সরলরেখা

(iii) STP তে মোলার আয়তন 22.414 L

(b) i, iii

(iii) এসিড ইলেকট্রন গ্রহীতা

(b) ii, iii

atm হলে, A গ্যাসের আংশিক চাপ কত?

কোন লেখচিত্রটি আইসোথার্ম সমর্থন করে?

- (a) NH<sup>+</sup>
- (b)  $H_2O$
- (c) OH-
- স্থির আয়তনে নির্দিষ্ট ভরের আদর্শ গ্যাসের 🖁 বনাম T লেখচিত্র হবে-





$$(b) \frac{P}{T} \boxed{ }$$





- ছির চাপে  $0^{\circ}$ C তাপমাত্রায়  $O_2$  গ্যাসের আয়তন 3.5L হলে 20°C তাপমাত্রায় গ্যাসটির আয়তন হবে— [JB'23] (a) 3.25L (b) 3.76L (c) 7.0L

- (d) 8.0L
- কৃষিকাজে সারফেস ওয়াটারের বিশুদ্ধতার মানদণ্ড কোনটি?
  - [JB'23; SB'17]

45.

46.

47.

48.

- (a) TDS
- (b) COD
- (c) pH
- (d) BOD
- পানিতে অস্থায়ী খরতার জন্য কোন যৌগটি দায়ী? 37.

[CB'23; Din.B'23; SB'22]

- (a) CaCl<sub>2</sub>
- (b)  $Mg(HCO_3)_2$
- (c) FeSO<sub>4</sub>
- (d) NaCl
- নিচের কোন গ্যাসের ব্যাপন হার সর্বোচ্চ? [CB'23]
  - (a) CO (b) N<sub>2</sub> (c) NH<sub>3</sub>
- (d) CH4
- 39. বায়ুমণ্ডলে N₂ এর আংশিক চাপ কত?
- (a) 1.00 atm (b) 0.78 atm (c) 0.21 atm (d) 0.14 atm
- 8g He গ্যাসের জন্য আদর্শ গ্যাস সমীকরণ কোনটি?
- (a) PV = nRT
- (b)  $PV = \frac{RT}{a}$

[CB'23]

- (c) PV = 2RT
- (d) PV = RT
- স্টোরেজ ব্যাটারির মাধ্যমে কোন ভারী ধাতু খাদ্য শৃঙ্খলে প্রবেশ করে? [CB'23]
  - (a) Cd
- (b) As
- (c) Cr
  - (d) Pb
- বৃষ্টির পানির pH কত?
- (a) 8.50
- (b) 7.50
- (c) 7.00
- (d) 6.50

43.

38.


(a) i, ii

- 46. a

### MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

33. a 34. a | 35. b | 36. a | 37. b | 38. d | 39. b | 40. c 41. d | 42. d 43. a 44. a 45. a

ণে-লুসাকের সূত্রানুযায়ী,  $P \propto T$  বা  $\frac{P}{r} =$ ধ্রুবক



$$\Rightarrow$$
 V<sub>2</sub> =  $\frac{3.5}{273}$  × (273 + 20) = 3.76 L

- 37.  $Ca^{2+}$ ,  $Mg^{2+}$ ,  $Fe^{2+}$  এর  $CI^-$ ,  $SO_4^{2-}$  লবণ থাকলে → স্থায়ী খরতা
  - $Ca^{2+}$ ,  $Mg^{2+}$ ,  $Fe^{2+}$  এর  $HCO_3$  লবণ থাকলে → অস্থায়ী খরতা

गाम

CO

N<sub>2</sub>

(c) ii, iii

NH3

17

ব্যাপনের হার  $\mathbf{r} \propto \frac{1}{\sqrt{d}}$  বা  $\mathbf{r} \propto \frac{1}{\sqrt{M}}$  যে গ্যাসের আগবিক ভর কম সে গ্যাসের ব্যাপনের হার বেশি।

- ব্রনন্টেড লাউরি মতবাদ অনুসারে এসিড প্রোটন দাতা। PH‡ এ ইলেকট্রন ঘাটতি থাকায় এটি লুইস এসিড।
- আইসোথার্ম: আইসো → একই, থার্ম → তাপমাত্রা; 44. আইসোপার্ম মানে সমতাপ রেখা অর্থাৎ যেখানে তাপমাত্রা ধ্রুবক থাকে।



88

### HSC প্রশ্নব্যাংক ২০২৫

- Education क्रिकेट विकास
- বয়েলের সূত্রের সমীকরণের লেখচিত্র কোন ধরনের? 49.
  - (a) আইসোথার্ম
- (b) আইসোবার
- [MB'23]

- (c) আইসোকোর
- (d) আইসোমোল
- 100°C তাপমাত্রায় 2.05 atm চাপে CO2 গ্যাসের ঘনতৃ কত? 50.
  - (a) 1.50 gL-1
- (b)  $1.76 \text{ gL}^{-1}$
- [MB'23]

- (c) 2.34 gL<sup>-1</sup>
- (d)  $2.95 \text{ gL}^{-1}$
- WHO অনুমোদিত TDS এর সর্বোচ্চ মাত্রা হলো-

[MB'23; SB'21]

- (a) 6 ppm
- (b) 10 ppm
- (c) 100 ppm
- (d) 500 ppm
- স্থির তাপমাত্রায় R.M.S বেগের সঠিক ক্রম কোনটি?

[MB'23]

- (a)  $O_2 > CO_2 > SO_2$  (b)  $CO_2 > O_2 > SO_2$
- (c)  $SO_2 > CO_2 > O_2$  (d)  $O_2 > SO_2 > CO_2$
- 53. পানির অস্থায়ী খরতার জন্য দায়ী কোনটি? [MB'23; RB'19]
  - (a)  $SO_4^{2-}$  (b)  $CO_3^{2-}$
- (c) Cl-
- (d) HCO<sub>3</sub>
- প্রাকৃতিক গ্যাস  $+O_2 \rightarrow A + H_2O; A$  যৌগটি- [MB'23]
  - (i) গ্রিন হাউস প্রভাবের কারণ
  - (ii) ইউরিয়া উৎপাদনে ব্যবহৃত হয়
  - (iii) নিরপেক্ষ অক্সাইড

নিচের কোনটি সঠিক?

- (a) i, iii
- (b) i, ii
- (c) ii, iii
- (d) i, ii, iii
- STP ও SATP তে তাপমাত্রার পার্থক্য কত? 55.


[MB'23; BB'22]

- (a) 0°C
- (b) 25°C
- (c) 30°C
- (d) 273°C

- 56. কোনটি লুইস ক্ষারক?
- [DB'22; Din.B'22]

- (a) AlCl<sub>3</sub>
- (b) BF<sub>3</sub>
- (c)  $H_2O$
- (d) H-

উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর <sub>দাও</sub>



- কোন গ্যাসটি সবার আগে তরলীভূত হবে? 57.
  - (b) B (a) A
- (c) C

- উদ্দীপকের— 58.
  - (i) A গ্যাসটি C গ্যাস অপেক্ষা কম পেষণযোগ্য
  - (ii) B গ্যাসের ব্যাপনের হার সবচেয়ে বেশি
  - (iii) D গ্যাস পানিতে অধিক দ্রবণীয়

নিচের কোনটি সঠিক?

- (b) i, iii (a) i, ii
- (c) ii, iii
- (d) i, ii, i

108

De

(d) D

- কোন গ্যাসের তাপমাত্রা ও চাপ বিগুণ করা হলে আরত 59. পরিবর্তন হবে?
  - (a) দ্বিগুণ হবে
- (b) কোন পরিবর্তন হরে:
- (c) চারগুণ হবে
- (d) অর্ধেক হবে
- এসিড বৃষ্টির বেলায় অধঃক্ষেপণ বৃষ্টিতে pH এর মান ক 60. [RB'22; B পারে?
  - (a) 6.9
- (b) 6.5
- (c) 5.8
- (d) 5.3
- 27°C তাপমাত্রায় O2 এর RMS এর মান কত? 61.

[RB'22; BB'21; Din

- (a)  $453.23 \text{ ms}^{-1}$
- (b) 463.34 ms<sup>-1</sup>
- (c)  $473.45 \text{ ms}^{-1}$
- (d) 483.56 ms<sup>-1</sup>
- প্রমাণ অবস্থায় 10 cm3 NH3গ্যাসের ভর কত? 62.
  - (a)  $5.583 \times 10^{-3}$  g
- (b)  $6.589 \times 10^{-3}$  g
  R<sup>2+</sup>(aq) + 2e<sup>-</sup> R(s) [বিজ্ঞারণ অর্ধ-বিক্রিয়া]

নার্নস্ট সমীকরণ অনুসারে,

$$E_{cell}=E_{cell}^{o}-\frac{RT}{eF}\ln\frac{[T^{2+}]}{[R^{2+}]}$$
 $E=E_{T/T^{2+}}^{o}+E_{R^{2+}/R}^{o}-\frac{8.314\times298}{2\times96500}\ln\frac{0.4}{0.3}$ 
[এক্ষেত্রে স্ট্যান্ডার্ড তাপমাত্রা 25°C ধরা হয়েছে]
 $=(0.80-0.40)-0.0037=+0.396~V$ 
সূতরাং উদ্দীপকের অর্ধকোষ দৃটি দ্বারা সৃষ্ট কোষের তড়িছান্তর বল  $=0.396~volt$ 

03. 600 mL 0.4 M

Zn (NO3)2

[CB'23]

• একটি তড়িং কোষের কোষ সংকেত নিমুক্তপ:

[A/A<sup>2+</sup>(0.05 M) | | B<sup>+</sup> (0.01 M) | B

(A ও B তড়িংছারের জারণ বিভব যথাক্রমে +1.18 V এবং -0.80 V)

(গ) 30°C তাপমাত্রায় উদ্দীপকের কোষটির ই.এম.এফ নির্দ্ব কর।

(গ) উত্তর: উদ্দীপকের আলোকে:  $E^o_{A/A^{2+}}=+1.18V$   $E^o_{B/B^+}=-0.80V\Rightarrow E^o_{B^+/B}=+0.80V$  কোষ বিক্রিয়া:  $A(s)+2B^+(aq)\to A^{2+}(aq)+2B(s)$  এখানে,

$$E_{\rm cell}^{\rm o}=E_{\rm A/A^+}^{\rm o}+E_{\rm B^+/B}^{\rm o}=(1.18+0.8){
m V}$$
  ${
m A^+}$  আয়নের ঘনমাত্রা,  ${
m [A^+]}=0.05~{
m M}$   ${
m B^+}$  আয়নের ঘনমাত্রা,  ${
m [B^+]}=0.01~{
m M}$ 

তাপমাত্রা, T = (30 + 273)K = 303 K

কোষের emf, E<sub>cell</sub> =?


নার্নস্ট সমীকরণ অনুসারে,

$$E_{\text{cell}} = E_{\text{cell}}^{o} - \frac{RT}{eF} \ln \frac{[A^{2+}]}{[B^{+}]^{2}}$$

$$= (1.18 + 0.8) - \frac{8.314 \times 303}{2 \times 96500} \ln \left(\frac{0.05}{(0.01)^{2}}\right) = +1.8989V$$

∴ কোষটির emf = 1.8989 V

[Din.B<sup>23</sup>]



X ও Y এর পারমাণবিক সংখ্যা যথাক্রমে 28 ও 47  $E^o_{X^{2+}/X} = -0.25V; E^o_{Y^{+}/Y} = +0.80V$ 

(ঘ) কোষটির Y<sup>+</sup> আয়নের ঘনমাত্রা 1.5M হলে বৈদ্যুতিই বাতিটির উজ্জ্বলতার পরিবর্তন হবে কি-না? গাণিতিকতারে বিশ্লেষণ কর।

04.

স্তুত্তর: উদ্দীপকের সংঘটিত কোষ বিক্রিয়া:

$$X(s) + 2Y^{+}(aq) \longrightarrow X^{2+}(aq) + 2Y(s)$$
 এখানে, তাপমাত্রা,  $T = 298 \text{ K}$ 

$$E_{\text{cell}}^0 = E_{\text{X/X}^{2+}}^0 + E_{\text{Y}^{2+}/\text{Y}}^0 = (0.25 + 0.80)$$

$$X^{2+}$$
 আয়নের ঘনমাত্রা,  $[X^{2+}] = 0.2 \text{ M}$ 

$$Y^{+}$$
 আয়নের ঘনমাত্রা,  $[Y^{+}] = 0.3 \text{ M}$ 

$$E_1 = ?$$

)म **ट्या** 

$$E_1 = E_{cell}^0 - \frac{RT}{eF} ln \frac{[X^{2+}]}{[Y^+]^2}$$

$$= E_{X/X^{2+}}^{o} + E_{Y^{+}/Y}^{o} - \frac{8.314 \times 298}{2 \times 96500} \ln \left( \frac{0.2}{0.3^{2}} \right)$$

$$= 0.25 + 0.80 - 0.010250 = 1.0397 \text{ V}$$

এখানে.

$$E_{\text{cell}}^{o} = E_{\text{X/X}^{2+}}^{o} + E_{\text{Y}^{+}/\text{Y}}^{o} = (0.25 + 0.8) = +1.05 \text{ V}$$

$$Y^+$$
 আয়নের ঘনমাত্রা,  $[Y^+] = 1.5 M$ 

কোষের পরিবর্তিত emf, E2 =?

২য় ক্ষেত্রে.

$$E_2 = 1.05 - \frac{RT}{eF} \ln \left( \frac{0.2}{1.5^2} \right) = 1.08107 \text{ V } [E_2 > E_1]$$

যেহেতু কোষ বিভবের মান বেড়ে গেছে তাই উজ্জ্বলতা বাড়বে।

05. 50 mL

+.01 M

.05 M

25°C তাপমাত্রায়  $E^o_{Zn/Zn^{2+}} = 0.76 \ V$  ও

$$E_{Ag/Ag^+}^o = -0.79 \text{ V}$$

- (ঘ) উদ্দীপকের পাত্র-1 ও পাত্র-2 দ্বারা গঠিত কোষে স্বতঃস্ফূর্তভাবে বিদ্যুৎ উৎপাদন হবে কিনা? বিশ্লেষণ কর।
- (ঘ) উত্তর: 1 ও 2 নং পাত্র দ্বারা গঠিত কোষে নিমুরূপ বিক্রিয়া সংঘটিত হয়।

অ্যানোড:

$$Zn(s) \longrightarrow Zn^{2+}(aq) + 2e^{-}$$

$$2Ag^+ + 2e \longrightarrow 2Ag(s)$$

সামগ্রিক বিক্রিয়া:  $Zn(s) + 2Ag^{+}(aq) \rightarrow Zn^{2+}(aq) + 2Ag(s)$ 

আমরা জানি.

$$E_{\text{Cell}} = E_{\text{Cell}}^0 - \frac{RT}{eF} \ln \frac{[Zn^{2+}]}{[Ag^+]^2}$$

$$= E_{0x(anode)}^{0} + E_{Red(cathode)}^{0} - \frac{RT}{eF} ln \frac{[Zn^{2+}]}{[Ag^{+}]^{2}}$$

$$= +0.76 + 0.79 - \frac{8314 \times 298}{2 \times 96500} \ln \frac{[0.01]}{[0.05]^2}$$

E<sub>Cell</sub> = +1.53 V [E<sub>Cell</sub> ধনাত্মক হওয়ায় বিক্রিয়া স্বতঃস্ফ্র্ত]

<sup>্ স্বত</sup>ঃস্ফৃৰ্তভাবে বিদ্যুৎ উৎপাদন হবে।

## রসায়ন ২য় পত্ত: অধ্যায়-০৪



 $Zn(s) + Ni^{2+}(aq)(0.1 M) \rightarrow Zn^{2+}(aq)(0.1 M) + Ni(s)$ Zn এর প্রমাণ জারণ বিভব =0.76~V এবং  $E_{cell}^o=0.51~V.$ 

(গ) 25°C তাপমাত্রায় Ni<sup>2+</sup>(aq)(0.1 M) → Ni(s) এর

অর্ধকোষ বিভব নির্ণয় কর।

উত্তর: এখানে, কোষের প্রমাণ কোষ বিভব,  $E_{cell}^o=0.51~V$ Zn এর প্রমাণ জারণ বিভব,  $E_{Zn/Zn^{2+}}^{o}=0.76~V$ 

Ni এর প্রমাণ বিজারণ বিভব =?

$$E_{cell}^{o} = E_{Zn/Zn^{2+}}^{o} + E_{Ni^{2+}/Ni}^{o}$$

$$\Rightarrow 0.51 = 0.76 + E_{Ni^{2+}/Ni}^{0} \Rightarrow E_{Ni^{2+}/Ni}^{0} = -0.25$$

আবার, 
$$Ni^{2+}(aq) + 2e^- \longrightarrow Ni(s)$$

এখানে, [Ni] = 1 (কঠিন পদার্থের সক্রিয় ভর)

Ni এর তুল্য সংখ্যা, e = 2

 $Ni^{2+}$  আয়নের ঘনমাত্রা,  $[Ni^{2+}] = 0.1 M$ 

তাপমাত্রা, T = (273 + 25)K = 298 K

অর্ধকোষ বিভব, E<sub>Ni<sup>2+</sup>/Ni</sub> =?


অর্থকোষ বিভব  $E_{Ni^{2+}/Ni} = E_{Ni^{2+}/Ni}^{o} - \frac{RT}{eF} ln \frac{[Ni]}{[Ni^{2+}]}$ 

 $=-0.25 - \frac{8.314 \times 298}{2 \times 96500} \ln \frac{1}{0.1} = -0.27956 \text{ V}$ 

07.

[SB'22]

[BB'22]



 $X^{+3}/X \rightarrow -1.66 \text{ V} ; Y^{+2}/Y \rightarrow +0.34 \text{ V};$ 

 $B^{2+}/B \rightarrow -0.44 V$ 

গে) A কোষটির E.M.F নির্ণয় কর।

উত্তর: A কোষটির  $EMF = E_{cell}$ (1)

$$E_{cell} = E_{cell}^o - \frac{RT}{eF} \ln \frac{[\Im e পাদ আয়ন]}{[\Im \ker \mathop{\mathrm{pr}} }$$

A কোষের ক্ষেত্রে, X অ্যানোড হিসাবে কাজ করছে

অ্যানোড: জারণ অর্ধকোষ বিক্রিয়া:  $2X(s) \rightarrow 2X^{3+}(aq) + 6e$ 

$$E_{\text{cell}} = E_{\text{X/X}^{3+}}^{\text{o}} - \frac{\text{RT}}{\text{eF}} \ln \frac{[\text{X}^{3+}]}{[\text{X}]}$$
$$= +1.66 - \frac{8.314 \times 298}{3 \times 96500} \ln \frac{2}{1}$$


(কঠিন পদার্থের সক্রিয় ভর সর্বদা 1)


 $EMF = E_{cell} = +1.654 V$ 


∴ নির্ণেয় কোষটির EMF হবে +1.654 V

## Education श्री कि जिस्सी - व्य









$$\begin{split} E^{\circ}_{~2n/2n^{2+}} &= +0.76V; \ E^{\circ}_{~Fe/Fe^{2+}} = +0.44 \ V \\ E^{\circ}_{~Cu/Cu^{2+}} &= -0.34 \ V \end{split}$$

- (ঘ) উদ্দীপকে উল্লিখিত কোন দৃটি অর্থকোষ দারা সৃষ্ট কোষের EMF° এর মান সবচেয়ে অধিক? বিশ্লেষণ কর।
- (ঘ) উত্তর: T = 298 K ধরে A ও B দারা সৃষ্ট কোষের EMFAB  $E_{AB}^{o} = E_{Zn/Zn^{2+}}^{o} + E_{Fe^{2+}/Fe}^{o} - \frac{RT}{eF} ln \frac{[Zn^{2+}]}{[Fe^{2+}]}$  $= +0.76 - 0.44 - \frac{8.314 \times 298}{2 \times 96500} \times \ln \frac{0.4}{0.5} = +0.32 \text{ V}$ B ও C কোষের ক্ষেত্রে.


$$\begin{split} E^{\sigma}_{BC} &= E^{\sigma}_{Fe/Fe^{2+}} + E^{\sigma}_{Cu^{2+}/Cu} - \frac{RT}{eF} ln \left( \frac{[Fe^{2+}]}{[Cu^{2+}]} \right) \\ &= +0.44 + 0.34 - \frac{8.314 \times 298}{2 \times 96500} \times ln \frac{0.5}{0.6} = +0.78 \text{ V} \end{split}$$

A ও C কোষের ক্ষেত্রে,

$$E_{AC}^{o}=E_{Zn^{2+}/Zn}^{o}+E_{Cu^{2+}/Cu}^{o}-\frac{RT}{eF}\ln\left(\frac{[Zn^{2+}]}{[Cu^{2+}]}\right)$$

$$=+0.76+0.34-\frac{8.314\times298}{2\times96500}\times\ln\frac{0.4}{0.6}=+1.1052\,V$$
 এখানে,  $E_{AC}^{o}>E_{BC}^{o}>E_{AB}^{o}$  অর্থাৎ A ও C ছারা গঠিত কোষের EMF বেশি।

উদ্দীপক অনুসারে প্রশ্নগুলোর উত্তর দাও: 09.




- উদ্দীপকের চিত্র-2 এর কোষটির কোষ বিভবের মান নির্ণয় কর।
- উত্তর: উদ্দীপকের চিত্র-২ এ সংঘটিত বিক্রিয়া:  $Zn + Cu^{2+} \rightarrow Cu + Zn^{2+}$ প্ৰমাণ অবস্থায় কোষ বিভব:  $E^{\circ}_{cell} = E^{\circ}_{Zn/Zn^{2+}} + E^{\circ}_{Cu^{2+}/Cu} = -(-0.76) + 0.34 = 1.1V$ নার্নস্টের সমীকরণ হতে পাই.  $E = E_{cell}^0 - \frac{RT}{c_1} ln \frac{|Zn^{2+}|}{|Cn^{2+}|}$  [यचन,  $T = 25^{\circ}C = 298K$ ]

$$= 1.1 - \frac{8.314 \times 298}{2 \times 96500} \ln \left(\frac{1}{1}\right) = 1.1 - \frac{0.0592}{2} \ln (1)$$
  
= 1.1 - 0 = 1.1 V

.: উদ্দীপকের চিত্র-২ এর কোষটির নির্ণেয় কোষ বিভব 1.1 V

উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও: [RB'21] 10.



[X ও Y এর পারমাণবিক সংখ্যা যথাক্রমে 55.85 ও 63.50] দেওয়া আছে,  $E^{\circ}_{X^{2+}/X} = -0.44 \text{ V}$ ,  $E_{Y^{2+}/Y}^{\circ} = +0.34 \text{ V}, \ E_{Zn^{2+}/Zn}^{\circ} = -0.76 \text{ V}$ (গ) উদ্দীপকের কোষটির e.m.f নির্ণয় কর।

উত্তর: উদ্দীপকের কোষে সংঘটিত বিক্রিয়া নিমুরূপ: (1) অ্যানোডে জারণ:  $X(s) \rightarrow X^{2+}(aq) + 2e^{-}$ ক্যাথোডে বিজারণ: Y<sup>2+</sup>(aq) + 2e<sup>-</sup> → Y(s) এখানে,  $EMF = E_{cell}$  $E_{\text{cell}}^{\text{o}} = +0.44 + 0.34 = +0.78V$ নার্নস্ট সমীকরণ অনুসারে,  $E_{\text{cell}} = E_{\text{cell}}^{\text{o}} - \frac{RT}{nF} \ln \frac{[X^{2+}]}{[Y^{2+}]}$ 

$$E_{cell} = E_{cell}^{o} - \frac{N1}{nF} \ln \frac{N1}{[Y^{2+}]}$$

$$= 0.78 - \frac{8.314 \times 298}{2 \times 96500} \ln \frac{1}{2} = +0.789 \text{ V}$$
.: উদ্দীপকের কোষ্টির নির্ণেয় emf এর মান 0.789 V


নিচের তথ্যসমূহ লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও: 11.  $A(s)/A^{2+}(0.5M) \parallel B^{2+}(0.3M)/B(s)$ 

(i) 
$$E_{A^{2+}/A}^{\circ} = -0.76 \text{ V}$$


(ii) 
$$E_{B^{2+}/B}^{\circ} = +0.34 \text{ V}$$

(iii) 
$$E^{\circ}_{C^{+}/C} = -0.79 \text{ V}$$

- (গ) উদ্দীপকের কোষটির কোষ ডায়াগ্রাম অংকন করে কোষ বিক্রিয়াটির স্বতঃস্ফুর্ততা ব্যাখ্যা কর।
- উত্তর: উদ্দীপকের কোষটি নিমুরূপ: (1)




কোষ ডায়াগ্রাম: A(s)/A2+ || B2+(aq)/B(s) विकिसा: A + B2+ → A2+ + B



$$E_{cell} = E^{\circ}_{cell} - \frac{RT}{eF} ln \frac{[A^{2+}]}{[B^{2+}]}$$

$$= 1.1 - \frac{8.314 \times 298}{2 \times 96500} ln \frac{0.5}{0.3} = +1.093V$$
যেহেডু  $E_{cell}$  (+ve) তাই বিক্রিয়াটি স্বতঃম্পূর্ত।



$$E^{\circ}_{Cr/Cr^{3+}} = +0.74V$$

$$E^{\circ}_{Sn/Sn^{2+}} = +0.14V$$


(গ) উদ্দীপকের কোষটির তড়িচ্চালক বল নির্ণয় কর।

উত্তর: উদ্দীপকের কোষটির কোষ বিক্রিয়া-

$$E^{\circ}_{Sn^{2+}/Sn} = -0.14V$$
;  $[Cr^{3+}] = 2 \times 0.1 M = 0.2 M$   
 $[Sn^{2+}] = 0.15M$ ;  $e = 6$ ;  $T = 298 K$ 

নার্নস্ট সমীকরণ অনুসারে,

নির্ণেয় তড়িচ্চালক বল 0.589 V



(গ) উদ্দীপকের কোষটিতে অর্থকোষ বিক্রিয়া ও কোষ বিক্রিয়াটি লেখ।

## Educationblog24.com

রসায়ন ২য় পত্র: অধ্যায়-০৪

(গ) উত্তর: উদ্দীপ্রের কোষ্টিতে অ্যানোড হিসেবে AI ও ক্যাপ্রোড হিসেবে Mn কাজ করবে।

অ্যানোড: 2AI(s) → 2AI<sup>3+</sup>(aq) + 6e<sup>-</sup>

ক্যাথোড: 3Mn<sup>2+</sup>(aq) + 6e<sup>-</sup> → 3Mn(s)

সামগ্রিক বিক্রিয়া:

2AI(s) + 3Mn<sup>2+</sup>(aq) → 2AI<sup>3+</sup>(aq) + 3Mn(s)

এখানে, R = 8.314 J mol<sup>-1</sup>k<sup>-1</sup>

T = 298 K, e = 6, F = 96500 C

∴ E<sub>cell</sub> = E<sup>o</sup><sub>AI/AI<sup>3+</sup></sub> + E<sup>o</sup><sub>Mn<sup>2+</sup>/Mn</sub> −  $\frac{\kappa T}{eF} ln \frac{[AI^{3+}]^2}{[Mn^2+I^3]}$ = +1.66 + (-1.18) −  $\frac{8.314 \times 298}{6 \times 96500} ln \frac{(0.1)^2}{(0.015)^3}$  = 0.4458 V

ি নিয়ের কোষটির কোষ বিভব + 0.42 V। [BB'19]
Pt, H<sub>2</sub>(g) (1 atm, 25°C)/H<sub>2</sub>SO<sub>4</sub>(aq) ||
CuSO<sub>4</sub>(aq)(0.1M)/Cu

 (ঘ) উদ্দীপকের তথ্যের ভিত্তিতে H<sub>2</sub>SO<sub>4</sub> দ্রবণের ঘনমাত্রা নির্ণয় সম্ভব কী? গাণিতিকভাবে বিশ্লেষণ কর ।

(ঘ) উত্তর: উদ্দীপক অনুসারে কোষ বিক্রিয়া:  $\begin{array}{l} H_2 + CuSO_4 \longrightarrow H_2SO_4 + Cu: H_2SO_4 \longrightarrow 2H^+ + SO_4^{2-1} \\ \text{এখানে, } E_{12/H^+}^0 = 0 \text{ V } : E_{Cu^{2+}/Cu}^0 = 0.34 \text{ V} \\ \text{[Cu$^{2+}$]} = 0.1 \text{ M, } P_{H_2} = 1 \text{ atm; } \text{[H$^{+}$]} = ? \\ \text{নার্নস্ট সমীকরণ অনুসারে,} \end{array}$ 

$$E_{cell} = E_{cell}^{o} - \frac{RT}{eF} ln \frac{[H^{+}]^{2}}{[Cu^{2+}] \times P_{H_{2}}}$$

$$\Rightarrow 0.42 = E_{H_{2}/H^{+}}^{o} + E_{Cu^{2+}/Cu}^{o} - \frac{RT}{2F} ln \frac{[H^{+}]^{2}}{[Cu^{2+}] \times P_{H_{2}}}$$

$$\Rightarrow 0.42 = 0.34 - \frac{8.314 \times 298}{2 \times 96500} ln \frac{[H^{+}]^{2}}{0.1 \times 1}$$

$$[H_{2}SO_{4} \rightleftharpoons 2H^{+} + SO_{4}^{2-}]$$

$$\Rightarrow [H^{+}] = 0.014 M$$

$$\therefore H_{2}SO_{4}$$
 역 학자에,  $S = \frac{[H^{+}]}{2} = \frac{0.014}{2} M = 0.007$ 

 $\therefore$   $H_2SO_4$  এর ঘনমাত্রা,  $S=\frac{[H^+]}{2}=\frac{0.014}{2}$  M=0.007 M সূতরাং উদ্দীপকের তথ্যের ভিত্তিতে  $H_2SO_4$  দ্রবণের নির্ণেয় ঘনমাত্রা 0.007 M I

দৃশ্যপট-২: A³+, B²+, C²+, D+ এর প্রমাণ বিজারণ বিভবের নাম যথাক্রমে, -1.66V, +0.44V, -0.22V ও +0.80V.

[নটর ডেম কলেজ, ঢাকা]

(ঘ) 30° তাপমাত্রায় A<sup>3+</sup> (0.3M) ও B<sup>2+</sup>(0.25M) এবং C<sup>2+</sup> (0.18M) ও D<sup>+</sup> (0.15M) ঘারা গঠিত কোষের কোনটি অধিক ভোন্টেজ উৎপন্ন করবে? গাণিতিকভাবে বিশ্লেষণ করো।

(ঘ) উত্তর: উদ্দীপকের দৃশ্যপট-2 অনুসারে A<sup>3+</sup>, B<sup>2+</sup>, C<sup>2+</sup>, D<sup>+</sup> এর প্রমাণ বিজ্ঞারণ বিভব দেওয়া আছে। তাই তাদের জারণ বিভব যথাক্রমে 1.66V, -0.44 V, 0.22 V, -0.80 V যেহেতু  $E_{A/A^{3+}}^{o} > E_{B/B^{2+}}^{o}$ , তাই তাদের গঠিত তড়িৎ কোষে A আানোড ও B ক্যাথোড হিসেবে কাজ করবে। তাদের কোষ ভায়াগ্রাম: A(s)/A<sup>3+</sup> (aq)||B<sup>2+</sup>(aq)/B(s)

পরিবর্তনের প্রত্যয়ে নির্ম্বর পথচলা...



Educationblog 24 Co

 $\therefore 2A(s) \longrightarrow 2A^{3+}(aq) + 6e^{-}$ 

বিজ্ঞারণ অর্থ বিক্রিয়া:  $B^{2+}(aq) + 2e^- \longrightarrow B(s)$ 

$$\therefore 3B^{2+}(aq) + 6e^{-} \longrightarrow 3B(s)$$

কোষ বিক্রিয়া: 2A(s) + 3B<sup>2+</sup>(aq) → 2A<sup>3+</sup>(aq) + 3B(s)

এখানে,  $[A^{3+}] = 0.3 \text{ M}$ ;  $[B^{2+}] = 0.25 \text{ M}$ 

জুলা সংখ্যা, e = 6; T = 273 + 30 = 303K

তাই নার্নন্ট সমীকরণ অনুসারে,

$$E_{cell_1} = E_{cell}^0 - \frac{RT}{eF} ln \frac{[A^{3+}]^2}{[B^{2+}]^3}$$

$$= E_{A/A^{3+}}^{o} + E_{B^{2+}/B}^{o} - \frac{RT}{eF} \ln \frac{[A^{3+}]^2}{[B^{2+}]^3}$$

$$= 1.66 + 0.44 - \frac{8.314 \times 303}{6 \times 96500} \ln \frac{0.3^2}{0.25^3} = 2.089 \text{ V}$$

আবার যেহেতু,  $E_{C/C^{2+}}^{\circ} > E_{D/D^{+}}^{\circ}$  সূতরাং, C ও D দ্বারা গঠিত

কোষে C অ্যানোড ও D ক্যাথোড হিসেবে কাজ করবে। কেছ ডায়াগ্রাম হলো: C(s)/C<sup>+</sup>(aq)||D<sup>+</sup>(aq)/D(s)

জারণ অর্ধ বিক্রিয়া :  $C(s) \longrightarrow C^{2+}(aq) + 2e^{-}$ 

ক্যাথোড অর্ধ বিক্রিয়া :  $D^+(aq) + e^- \longrightarrow D(s)$ 

$$\therefore 2D^{+}(aq) + 2e^{-} \longrightarrow 2D(s)$$

মোট কোষ বিক্রিয়া:  $C(s) + 2D^+(aq) \longrightarrow C^{2+}(aq) + 2D(s)$ 

এখানে, [C<sup>2+</sup>] = 0.18 M;

তুল্য সংখ্যা, e = 2; T = 273 + 30 = 303K

নার্নস্ট সমীকরণ অনুসারে,

$$E_{\text{cell}_2} = E_{\text{cell}}^{\text{o}} - \frac{\text{RT}}{\text{eF}} \ln \frac{[C^{2+}]}{[D^+]^2}$$

$$= E_{C/C^{2+}}^{o} + E_{D^{+}/D}^{o} - \frac{RT}{eF} ln \frac{[C^{2+}]}{[D^{+}]^{2}}$$

$$= 0.22 + 0.8 - \frac{8.314 \times 303}{2 \times 96500} \ln \frac{0.18}{0.15^2} = 0.993 \text{ V}$$

 $E_{cell_1} > E_{cell_2}$ 

তাই, 30°C তাপমাত্রায়  $A^{3+}$  ও  $B^{2+}$  দ্বারা গঠিত কোষ অধিক ভোল্টেজ উৎপন্ন করবে।

#### নিজে করো

0.1 M XSO<sub>4</sub> (+) (+) (+) (2.0 M YSO<sub>4</sub>

দেওয়া আছে,  $E^{\circ}_{X^{2+}/X} = +0.44 \text{ V}$ ,  $E^{\circ}_{Y^{2+}/Y} = +0.34 \text{ V}$  (গ) উদ্দীপকের কোষটির মোট বিভব গণনা কর।

(FeSO) (Din.B'22) (RNO, Cuso) (Post Sin Since, E° Fe<sup>2+</sup>/Fe = -0.44 V (Din.B'22) (Din.B

- উদ্দীপকের Q-কোষের কোষ বিক্রিয়া স্বতঃস্কৃতভারে ঘটবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর।
- 18. A এর জারণ বিভব +1.66 V, A এর জারণ মান = + 3 [SB'2]
   B এর জারণ বিভব +0.76 V, B এর জারণ মান = + 2
   C এর জারণ বিভব -0.80 V, C এর জারণ মান = + 1
  - (গ) A/A<sup>3+</sup>(0.15 M)||B<sup>2+</sup>(0.02 M)/B; 27°C তাপমাত্রায় কোষটির তড়িচ্চালক বল (emf) কত?
- 19. Ni / Ni<sup>2+</sup> (0.15 M),  $E^{\circ}_{Ni^{2+}/Ni} = -0.18 \text{ volt } |JB'!|$ Ag / Ag<sup>+</sup>(0.2 M),  $E^{\circ}_{Ag^{+}/Ag} = +0.799 \text{ volt}$ 
  - (ঘ) 25°C তাপমাত্রায় তড়িৎদারদ্বয় সমন্বয়ে গঠিত কোন্ধে কোষ বিভব নির্ণয় কর।

20. [SB'17]

Battery

Cathole

E<sub>A/A<sup>1</sup></sub> = + 1.18V E<sub>B<sup>1</sup>/B</sub> = + 0.34V

(গ) চিত্র-১ এর কোষটির তড়িচ্চালক বল (EMF) নির্ণয় কর

17.

Educationblog24,com

রসায়ন ২য় পত্র: অধ্যায়-০৪

CQ (ক, খ) ও MCQ প্রশ্নের জন্য এই অধ্যায়ের বিভিন্ন টপিকের তুল্নামূলক গুরুত্ব:

	Q	টপিকের নাম	যত	রি প্রশ	এসেছে	বিভিন্ন টপিকের তুলনামূলক	<b>धतः</b> षुः
849	টপিক		क	च	MCQ	The state of the s	MCQ
	T-01	বিভিন্ন পরিবাহিতা	5	5	15	Din B'23; RB'21, 19; BB'21;	DB'23, 22, 19; BB'23, 21; Ctg.B'22,
000		তড়িৎ বিশ্লেষণ ও তড়িৎ রাসায়নিক কোষ	4	6	12	CB' 21; MB'21; DB'19; Ctg.B'19; DB'23, 19; JB'23, 22; RB'22, 17; SB'21; Din.B'21; Ctg.B'19; All B'18	SB'22, 21; JB'22; CB'22; MB 22, 21; Ctg. B'23; SB'23, 22, 19; CB'23, RB'22, 21; JB'22; Din B'22, 21;
000	T-03	ফ্যারাডের সূত্র ও তড়িৎ রাসায়নিক তুল্যান্ধ	18	13	55	RB'23,22; BB'23, 22, 21; CB'23, 22, 19; SB'23, 22, 21, 17; Din.B'23, 21; MB'23, 22, 21, 19; DB'22, 21, 19; Ctg.B'21, 19; JB'22; All Board'18.	DB'23, 22, 21, 19, RB'23, 22, 21, 19, 17; Ctg. B'23, 22, 21, 19, 17; BB'23, 22, 21, 17; CB'23, 22, 21, 19; Din.B'23, 22, 21, 19, 17; MB'23, 22, 21; SB'22, 21; JB'21, 19; All Board'18
000	T-04	তড়িৎ রাসায়নিক সিরিজ	1	1	23	DB'23; CB'17	RB'23, 21; SB'23, 17; JB'23, 21, 19, 17; CB'23, 21, 19; Din.B'23, 21,19; MB'23, 22, 21; DB'22, 21; Ctg.B'17; BB'19;
000	T-05	গ্যালভানিক কোষ	4	7	9	MB'23; DB'22; RB'22' BB'22, 19, 17; Din. B' 22, 21; JB'21, 17; SB'21;	RB'22,19; SB'22, 17; Ctg.B'21, 17; CB'21; DB'17
000	T-06	তড়িৎদ্বার বিভব এবং কোষ বিভব	23	7	60	DB'23, 22, 17; RB'23, 22, 21, 19; Ctg.B'23, 21, 17; SB'23, 19; JB'23; MB'23, 21; CB'22, 21; BB'21, 19, 17; Din.B'21, 17;	DB'23, 22, 21, 19; RB' 23, 21, 19, 17; Ctg.B'23, 22, 21, 19, 17; SB'23, 22, 17, JB'23, 22, 21; CB'23, 22, 21, 19; Din.B'23, 22, 21; MB'23, 22, 21; BB'22, 21, 19, 17; All B'18
00	T-07	নার্নস্ট সমীকরণ	-		3	•	BB'23; DB'19; CB'19

### CQ জ্ঞানমূলক (ক) প্রশ্ন ও নমুনা উত্তর

।. তড়িৎ রাসায়নিক সারি কী?

তত্তর: তড়িৎ বিশ্লেষণের সময় বিভিন্ন আয়নের চার্জমুক্ত হওয়ার
প্রবণতার উপর ভিত্তি করে আয়নসমূহকে একটি সারিতে
সাজানো হয়েছে, তাকে তড়িৎ রাসায়নিক সারি বলে।

নির্দেশক বা রেফারেন্স তড়িৎদার কী?

[DB'23; RB'23; DB'17; Din.B'17]

উত্তর: কোনো তড়িৎদ্বারের বিভবের মান পরিমাপের জন্য এর সাথে অপর যে জানা বিভব তড়িৎদ্বার সংযোগ করে রাসায়নিক কোষ গঠন করা হয় তাকে নির্দেশক তড়িৎদ্বার বলে।

em.f এর সংজ্ঞা দাও। [RB'23; BB'21; CB'21; Din.B'21; RB'19]
উত্তর: নির্দিষ্ট তাপমাত্রায় কোনো তড়িৎকোষের তড়িৎদারের
পরস্পর সংযোগ বিচ্ছিন্ন অবস্থায় একক তড়িৎদ্বার বিভবদ্বয়ের
মধ্যকার পার্থক্যকে ঐ তড়িৎকোষের e.m.f বলে।

তড়িৎ রাসায়নিক তুল্যাংক কাকে বলে?

[SB'23, 22; BB'22; Din.B'23]

উত্তর: তড়িৎ বিশ্লেষণের সময় এক কুম্ম বিদ্যুৎ প্রবাহের ফলে কোনো পদার্থের যত পরিমাণ অ্যানোডে দ্রবীভূত বা ক্যাথোডে সঞ্চিত হয়, তাকে সেই পদার্থের তড়িৎ রাসায়নিক তুল্যান্ধ বলা হয়। মর্ধকোষ কাকে বলে?

[JB'23; BB'21]
উত্তর: একটি তড়িৎদ্বার এবং একটি তড়িৎ বিশ্লেষ্য মিলে যে কোষে
জারণ অথবা বিজ্ঞারণ অর্ধ বিক্রিয়া ঘটে তাকে অর্ধকোষ বলে।

06. জারণ বিভব কাকে বলে?

[JB'23; RB'22]

উত্তর: একটি ধাতুর পাতকে ঐ ধাতুর লবণের জলীয় দ্রবণে ডুবালে, যদি ধাতুর পরমাণুর ধনাত্মক আয়ন গঠনের প্রবণতা বেশি হয়, তাহলে ঐ ধাতুর পাত এবং দ্রবণের মধ্যে যে বিভব পার্থক্য সৃষ্টি হবে তাকে জারণ বিভব বলে।

- 07. ফ্যারাডে ধ্রুবক কাকে বলে? [CB'23; SB'22, 17; Din.B'21] উত্তর: 1.0 মোল ইলেকট্রন প্রবাহ দ্বারা যে বিদ্যুৎ চার্জ উৎপন্ন হয় তাই ফ্যারাডে ধ্রুবক।
- ৩৪. প্রমাণ তড়িংঘার বিভব কাকে বলে? [MB'23] উত্তর: 25°C তাপমাত্রায় 1 atm চাপে 1M ঘনমাত্রার তড়িং বিশ্রেষ্য দ্রবণে কোনো ধাতব তড়িংঘারকে ডুবালে ঐ তড়িংঘারে যে বিভব বৈষম্যের সৃষ্টি হয় তার বিজারণ বিভবকে উক্ত ধাতৃর প্রমাণ তড়িংঘার বিভব বলে।

০৭. দর্শক আয়ন কী? [DB'22] উত্তর: রিডক্স বিক্রিয়ায় যেসব আয়নের জারণ সংখ্যা অপরিবর্তিত থাকে, তাদেরকে দর্শক আয়ন বলে।

10. প্রমাণ হাইজ্রোজেন তড়িংদার কী? [DB'22; BB'17] উত্তর: 25°C তাপমাত্রায় একক মোলায় ঘনমাত্রা বিশিষ্ট কোন H<sup>+</sup> আয়নের দ্রবণে Pt ওঁড়ায় আন্তরণযুক্ত Pt পাতে রেখে 1atm বায়য়চাপে বিশুদ্ধ H<sub>2</sub> গ্যাস বুদবুদ আকারে সরবরাহ করলে যে তড়িংদার তৈরি হয়, তাকে প্রমাণ হাইজ্রোজেন তড়িংদার বলে।





## Educatiकावन अध्याप्य एक विश्व

- 11. লবণ সেতৃ কী? [RB'22; BB'22; SB'21; JB'17] উত্তর: দৃটি অর্ধ কোষের মধ্যে পরোক্ষ সংযোগ ছাপনের জন্য KCl, KNO3 বা NH4NO3 এর জলীয় দ্রবণ পূর্ণ U আকৃতির কাচনলকে লবণ সেতৃ বলে।
- 12. ফ্যারাডের প্রথম সূত্রটি লেখ। [BB'22; CB'22, 19; JB'22; MB'22, 21, 19; DB'19; Ctg.B'19; All B'18] উত্তর: "কোনো তড়িংছারে সঞ্চিত বা দ্রবীভূত পদার্থের পরিমাণ প্রবাহিত বিদ্যুতের পরিমাণের সমানুপাতিক।" অর্থাৎ, (W 

  Q)
- 13. তড়িৎ রাসায়নিক কোষ কী? [JB'22; DB'19; RB'17] উত্তর: যে কোষে স্বতঃস্ফৃর্ত জারণ-বিজারণ বিক্রিয়ার সাহায্যে রাসায়নিক শক্তি হতে বিদ্যুৎ শক্তি উৎপন্ন হয়, তাকে তড়িৎ রাসায়নিক কোষ বলে।
- 14. তড়িচ্চালক বল কী?

[CB'22; Ctg.B'21, 17; MB'21; SB'19] উত্তর: একক ধনাত্মক চার্জকে বর্তনীর কোনো এক বিন্দু থেকে উৎসসহ সম্পূর্ণ বর্তনী ঘুরিয়ে পুনরায় ঐ বিন্দুতে আনতে যে কাজ হয় বা উৎসের যে শক্তি ব্যয় হয় তাকে উৎসের তড়িচ্চালক বল বলে।

15. তড়িৎ বিশ্লেষ্য কী? [RB'21; MB'21; Ctg.B'19] উত্তর: যে সকল রাসায়নিক পদার্থ দ্রবীভূত বা বিগলিত অবস্থায় তড়িৎ পরিবহন করে তাদের তড়িৎ বিশ্লেষ্য বলে। অর্থাৎ যেসকল পদার্থের দ্রবণের মধ্য দিয়ে তড়িৎ বা বিদ্যুৎ পরিবহণ করলে পদার্থটি বিয়োজিত হয় তাকেই তড়িৎ বিশ্লেষ্য বলে।

- 16. তড়িৎশ্বার বিভব কী?
  উত্তর: কোনো ধাতব দণ্ড এর নিজস্ব আয়ন সমন্বিত তড়িংবিক্রো
  দ্রবণের সংস্পর্শে আসার ফলে যদি জারণ বা বিজারণ বিক্রিয়
  সংঘটিত হতে শুরু করে তাহলে ঐ ধাতব পদার্থের পৃষ্ঠতল ও
  দ্রবণের সংযোগস্থলে দুই বিপরীত আধানজনিত দ্বিত্তর গঠনের
  মাধ্যমে যে তড়িৎ বিভবের সৃষ্টি হয় তাকে তড়িৎদ্বার বিভব বলে।
- 17. তড়িৎ পরিবাহিতা কী?
  উত্তর: যেসব ধাতব-অধাতব পদার্থের মধ্য দিয়ে তড়িং চলাচল করতে পারে, এদেরকে তড়িৎ পরিবাহী বলে। আর তড়িং পরিবহন করার এই ধর্মকে তড়িৎ পরিবাহিতা বলে।
- আপেক্ষিক পরিবাহিতা কী? [CB': উত্তর: রোধাংকের বিপরীত রাশিকে আপেক্ষিক পরিবাহিতা বলে।
- 19. মুখ্য নির্দেশক তড়িৎদার কাকে বলে? [RB'19] উত্তর: প্রমাণ হাইদ্রোজেন তড়িৎদারকে (Standard Hydrogen Electrode, S.H.E) প্রাইমারি বা মুখ্য নির্দেশক তড়িংদার বলা হয়। কারন প্রমাণ হাইদ্রোজেন তড়িৎদার (S.H.E) দ্বারা অন্যান্য তড়িৎদারের প্রমাণ তড়িৎদার বিভব নির্ণয় করা হয়।
- 20. সেকেন্ডারি তড়িৎ কোষ কাকে বলে? [Ctg.B'19] উত্তর: যে তড়িৎ কোষে বাইরে থেকে বিদ্যুৎ প্রবাহিত করে বিদ্যুৎ শক্তিকে রাসায়নিক শক্তিতে রূপান্তর করে সঞ্চিত রাখা হয়, তাকে সেকেন্ডারি তড়িৎ কোষ রলে।

## CQ অনুধাবনমূলক (খ) প্রশ্ন ও নমুনা উত্তর

- 01. দেখাও যে, তড়িৎ বিশ্লেষণ একটি জারণ-বিজারণ প্রক্রিয়া? [DB'23; JB'23; RB'22; SB'21; Din.B'21; All B'18] উত্তর: তড়িৎ বিশ্লেষণকালে একইসাথে জারণ-বিজারণ বিক্রিয়া সংঘটিত হয় বলে তড়িৎ বিশ্লেষণ একটি জারণ-বিজারণ প্রক্রিয়া। তড়িৎ বিশ্লেষণের সময় অ্যানোডে ধাতু ইলেকট্রন ত্যাগ করে দ্রবণে আসে এবং দ্রবণের আয়ন ত্যাগকৃত ইলেকট্রন গ্রহণ করে ক্যাথোডে জমা হয়। অ্যানোডে বিক্রিয়া: M(s) ne → M<sup>n+</sup>(aq) [জারণ অর্ধ-বিক্রিয়া] ক্যাথোডে বিক্রিয়া: X<sup>n+</sup>(aq) + ne<sup>-</sup> → X(s) [বিজারণ অর্ধ-বিক্রিয়া] M(s) + X<sup>n+</sup>(aq) → M<sup>n+</sup>(aq) [জারণ-বিজারণ বিক্রিয়া]
- 62. সিলভারের তড়িৎ রাসায়নিক তুল্যাংক 0.001118gC<sup>-1</sup>
  বলতে কী বৃঝ?

[RB'23; BB'23; MB'23; DB22, 21; JB'22; SB'21] উত্তর: তড়িং বিশ্লেষণের সময় এক কুলম্ব বিদ্যুৎ প্রবাহের ফলে কোনো পদার্থের যত পরিমাণ অ্যানোডে দ্রবীভূত বা ক্যাথোডে সঞ্চিত হয়, তাকে সেই পদার্থের তড়িং রাসায়নিক তুল্যাঙ্ক বলে।

- Ag এর তড়িৎ রাসায়নিক তুল্যাঙ্ক 0.001118 gC<sup>-1</sup> বলতে বোক্ষ্ এক কুলম্ব তড়িৎ প্রবাহ চালনা করলে 0.001118 g পরিমাণ Ag তড়িৎদ্বারে সঞ্চিত অথবা তড়িৎদ্বার হতে দ্রবণে দ্রবীভূত হবে।
- 03. কপারের প্রমাণ বিজারণ বিভব + 0.3394 Volt কথাটির অর্থ কী? ব্যাখ্যা কর। [Ctg.B'23; SB'23] উত্তর: Cu ধাতুর প্রমাণ বিজারণ বিভব +0.3394V বলতে বেক্ষ্ম 25°C তাপমাত্রায় বিশুদ্ধ Cu ধাতুর পাত্রকে 1M ঘনমাত্রায় বিশুদ্ধ CuSO4 দ্রবণের মধ্যে আংশিকভাবে ডুবালে Cu তড়িংছার এবং CuSO4 দ্রবণের সংযোগস্থলে যে বিজারণ বিভবের সৃষ্টি হয় তার মন হলো +0.3394V। একটি তড়িংছারের অভিন্তরণ চাপ থেকে দুবল চাপ বিয়োগ করলে আমরা বিজারণ বিভব পাই।
- 04. Zn ইলেকটোডের প্রমাণ জারণ বিভব  $E_{Zn/Zn^2+}^o = +0.76V$  বলতে কী বুঝ?

  [JB'23; BB'17; Din.B'17]
  উত্তর: Zn ধাতুর প্রমাণ জারণ বিভব +0.76V বলতে বোঝার
  25°C তাপমাত্রায় বিশুদ্ধ Zn ধাতুর পাত্রকে 1M ঘনমাত্রায় বিশ্ব 
  ZnSO4 দ্রবণের মধ্যে আংশিকভাবে ভুবালে Zn তড়িংছার এবং 
  ZnSO4 দ্রবণের সংযোগস্থলে যে জারণ বিভবের সৃষ্টি হয় তার্ব 
  মান হলো +0.76V। একটি তড়িংছারের দ্রবণ চাপ <sup>থেকে</sup> 
  অভিস্রবণ চাপ বিয়োগ করলে আমরা জারণ বিভব পাই।

পরিবর্তনের প্রত্যয়ে নিয়ন্তর পথচগা...



65. কপারের তড়িৎ রাসায়নিক তুল্যাংক 0.000329 gC<sup>-1</sup> বলতে কী বুঝ? [CB'23; Din.B'23; Ctg.B'21]

উত্তর: তড়িৎ বিশ্লেষণের সময় এক কুলম্ব বিদ্যুৎ প্রবাহের ফলে কোনো পদার্থের যত পরিমাণ অ্যানোডে দ্রবীভূত বা ক্যাথোডে সঞ্চিত হয়, তাকে সেই পদার্থের তড়িৎ রাসায়নিক তুল্যাংক বলে। কপারের তড়িৎ রাসায়নিক তুল্যাংক 0.000329gC<sup>-1</sup> বলতে বোঝায়, এক কুলম্ব তড়িৎ প্রবাহ চালনা করলে 0.000329 g পরিমাণ Cu তড়িৎদ্বারে সঞ্চিত অথবা তড়িৎদ্বার হতে দ্রবণে দ্রবীভূত হবে।

ধাতুর ক্ষয় একটি রাসায়নিক প্রক্রিয়া ব্যাখ্যা কর। [Din.B'23; RB'19] উত্তর: ধাতুর ক্ষয় তথা লোহার উপর মরিচা ধরার প্রক্রিয়া একটি রাসায়নিক বিক্রিয়া। নিচে বিক্রিয়ার সাহায্যে দেখানো হলো-

 $2 {\rm Fe} + {\rm O}_2 + 4 {\rm H}^+ 
ightarrow 2 {\rm Fe}^{2+} + 2 {\rm H}_2 {\rm O}$   $2 {\rm Fe}^{2+} + {\rm O}_2 + (4 {\rm n} + 2) {\rm H}_2 {\rm O} 
ightarrow 2 {\rm Fe}_2 {\rm O}_3 . \, {\rm n} {\rm H}_2 {\rm O} + 4 {\rm H}^+$  লোহা বাতাসের  ${\rm O}_2$  এর সাথে বিক্রিয়া করে সম্পূর্ণ নতুন যৌগে পরিণত হয়। একেই ধাতুর ক্ষয় বলে, যা রাসায়নিক প্রক্রিয়া।

তিড়ং বিশ্লেষ্য পরিবাহীকে আয়নিক পরিবাহী বলা হয় কেন? [Din.B'23] উত্তর: দ্রবণে অথবা গলিত অবস্থায় আয়নিক যৌগের ধনাত্মক ও ঋণাত্মক আয়নগুলো কেলাসের ল্যাটিস কাঠামো থেকে মুক্ত হয়ে গতিশীল হয় এবং তড়িং পরিবহণ করে বলে এদের আয়নিক পরিবাহী বলা হয়।

মুক্ত আয়নগুলোর মধ্যে তড়িৎ শক্তির প্রভাবে জারণ-বিজারণ বিক্রিয়া সম্পূর্ণ হয়। আয়নিক যৌগের জলীয় দ্রবণে ও গলিত অবস্থায় তড়িৎ পরিবহন করাকে তড়িৎ বিশ্লেষণ বলা হয়। এরূপ পরিবাহীকে তড়িৎ বিশ্লেষ্য পরিবাহী বলে। তাই তড়িৎ বিশ্লেষ্য পরিবাহীকে আয়নিক পরিবাহী বলা হয়।

08. গ্যালভানিক কোষে লবণ সেতুর ভূমিকা ব্যাখ্যা কর। [MB'23; DB'22; Din.B'22, 21; JB'21; BB'19, 17]

উত্তর: তড়িৎ রাসায়নিক কোষে লবণ সেতু ব্যবহারের কারণ:

- দৃটি তড়িৎ বিশ্লেষ্য দ্রবণের মধ্যে পরোক্ষ সংযোগ রক্ষার জন্য।
- (ii) আয়নের ঘনত্বের সমতা বজায় রাখার জন্য।
- (iii) তরল সংযোগ বিভব ন্যূনতম মানে আনার জন্য।
- (iv) বর্তনী সম্পূর্ণ করার জন্য।

09. ফ্যারাডের সূত্র হতে একটি ইলেকট্রনের চার্জ নির্ণয় কর। [RB'22; BB'21]

উত্তর: আমরা জানি, এক মোল ইলেকট্রন এর চার্জ = 1F = 96500 C

- $m ...~6.02 imes 10^{23}$  টি ইলেকট্রন এর চার্জ হল 96500C
- $\therefore$  1 টি ইলেকট্রন এর চার্জ  $\frac{96500}{6.02 \times 10^{23}}$  C =  $1.603 \times 10^{-19}$  C
- 10. দেখাও যে, 1F = 96500 কুলম। [Ctg.B'21]

উত্তর: আমরা জানি, 1mol ইলেকট্রনের চার্জ = 1F

- 1 টি ইলেকট্রনের এর চার্জ  $= 1.6 imes 10^{-19} 
  m C$
- $\therefore 1 ext{mol di, } 6.02 imes 10^{23}$  টি ইলেকট্রনের এর চার্জ
- $= 1.6 \times 10^{-19} \times 6.02 \times 10^{23} = 96320C \approx 96500C$
- ∴ 1mol ইলেকট্রনের চার্জ 1F বা 96500C
- অর্থাৎ, 1F = 96500C (Showed)

11. তড়িংদ্বার বিভব বলতে কী বুঝ?

ICB'21

ত্তিবর বিভব বলতে কা বুঝ?

উত্তর: তড়িংদ্বার বিভব বলতে বোঝায় কোনো ধাতব দণ্ড এর নিজস্ব
আয়ন সমন্বিত তড়িং বিশ্লেষ্য দ্রবণের সংস্পর্শে আসার ফলে যদি
জারণ বা বিজারণ বিক্রিয়া সংঘটিত হতে শুরু করে তাহলে ঐ ধাতব
পদার্থের পৃষ্ঠতল ও দ্রবণের সংযোগস্থলে দুইটি বিপরীত আধান
জনিত দ্বিস্তর গঠনের মাধ্যমে যে তড়িং বিভবের সৃষ্টি হয় তাকে
তড়িংদ্বার বিভব বলে। তড়িংদ্বার বিভবের একক ভোল্ট (Volt)।
তড়িংদ্বার বিভবের মানের সাহায্যে তড়িংদ্বারে সংঘটিত বিক্রিয়ার
ইলেকট্রন গ্রহণ ও দান করার প্রবণতার পরিমাপ প্রকাশ করা হয়।

12. NaCl (aq) তড়িং বিশ্লেষ্য কি? ব্যাখ্যা কর। [DB'19]
উত্তর: আয়নিক বা পোলার সমযোজী যৌগসমূহ গলিত বা দ্রবীভূত
অবস্থায় বিয়োজিত হয়ে চার্জযুক্ত কণা বা আয়নে পরিণত হয় ও এরা
তড়িং চার্জ বহন করে ও চার্জযুক্ত হয়ে নতুন পদার্থে পরিণত হয়।
এদের তড়িং বিশ্লেষণ বলে। NaCl একটি আয়নিক যৌগ ও এর
মধ্য দিয়ে বিদ্যুৎ চালনা করলে নিয়োক্ত ঘটনা ঘটে-

অ্যানোড:  $2Cl^- - 2e^- \rightarrow Cl_2$  [গাঢ় NaCl দ্রবর্ণের ক্ষেত্রে]

ক্যাথোড: 2H+ + 2e- → H2

দ্রবণে: Na+ + OH- ---- NaOH

 $2NaCl + 2H_2O \xrightarrow{ভড়িং} 2NaOH + Cl_2 + H_2$ 

NaCl দ্রবণে দ্রবীভূত অবস্থায় বিদ্যুৎ পরিবহন করে ও নতুন পদার্থে পরিণত হয়, ফলে NaCl তড়িৎ বিশ্লেষ্য।

13. তাপমাত্রা বৃদ্ধিতে ইলেকট্রনীয় পরিবাহীর তড়িৎ প্রবাহ হ্রাস পায় কেন? [Ctg.B'19]

উত্তর: যে সব পদার্থের মধ্য দিয়ে ইলেকট্রন প্রবাহের মাধ্যমে বিদ্যুৎ প্রবাহিত হয়, তাদের ইলেকট্রনীয় পরিবাহী বলে। মূলত ধাতুতে ইলেকট্রনের সাহায্যে তড়িতের এ জাতীয় পরিবাহীতা ঘটে। আর তাপমাত্রা বৃদ্ধি পেলে ধাতব পদার্থের রোধ বৃদ্ধি পায়, আর ধাতব পদার্থের রোধ বাড়লে তড়িৎ প্রবাহ হ্রাস পেয়ে থাকে।

প্রমাণ হাইদ্রোজেন তড়িংদার একটি প্রাইমারি নির্দেশক
তড়িংদার-ব্যাখ্যা কর। [BB'19]

উত্তর: প্রমাণ হাইড্রোজেন তড়িৎদারের সাহায্যে অন্যান্য তড়িৎদারের বিভব নির্ণয় করা হয়। তাই এটি প্রাইমারি নির্দেশক তড়িৎদার।

প্রমাণ  $H_2$  তড়িৎদ্বারে  $H^+$  আয়নের ঘনমাত্রা ও  $H_2$  এর চাপ সর্বদা ধ্রুবক রাখা হয়। ফলে এর জারণ ও বিজারণ বিভব নির্দিষ্ট থাকে। তাই এর সাহায্যে অন্যান্য তড়িৎদ্বারের জারণ বা বিজারণ বিভব সহজেই পরিমাপ করা যায়। তাই এটি প্রাইমারি নির্দেশক তড়িৎদ্বার।

15. লঘু  $H_2SO_4$  এর সাথে Cu এর বিক্রিয়া হয় না কেন? [CB'17] উত্তর:  $H_2$  অপেক্ষা Cu কম সক্রিয়। ধাতুর সক্রিয়তা সিরিজে Cu এর অবস্থান হাইড্রোজেনের নিচে। এজন্য Cu ধাতু  $H_2SO_4$  থেকে  $H_2$  কে প্রতিস্থাপন করতে পারে না।

লঘু  $H_2SO_4$  দ্রবণে Cu যোগ করলে কোনো পরিবর্তন ঘটে না। লঘু  $H_2SO_4+Cu \rightarrow$  কোনো বিক্রিয়া হয় না।

পরিবর্তনের প্রত্যয়ে নিরম্ভর পথচলা...



## Educating क कि कि कि कि



- কোনটির তড়িৎ পরিবাহিতা অধিক? 01.
- [DB'23]

- (a) Be
- (b) Al
- (c) Cu
- (d) Sc
- 02. গলিত অ্যালুমিনার মধ্য দিয়ে 30 অ্যাম্পিয়ার বিদ্যুৎ 90 মিনিট যাবৎ প্রবাহিত করলে ক্যাথোডে কত গ্রাম ধাতু জমা হবে? [DB'23]
- (a) 2.27
- (b) 15.10
- (c) 21.82
- (d) 45.32
- $Pt, \frac{1}{2}H_2(g)/H^+(aq)||Cu^{2+}(aq)/Cu(s).$ [DB'23]  $E^{o}_{Cu^{2+}(aq)/Cu(s)} = +0.34V$  কোষটির জন্য ইএমএফ এর মান কোনটি?
  - (a) 0.00V
- (b) + 0.34V
- (c) 0.34V
- (d) + 0.17V
- কোনটির জারণ বিভব সবচেয়ে কম? 04.
- [RB'23]

- (a) কপার
- (b) গোল্ড
- (c) হাইড্রোজেন
- (d) লিথিয়াম
- 05. কোনটি সবচেয়ে বেশি শক্তিশালী বিজারক? [RB'23]
  - (a) Li
- (b) Na
- (c) K
- (d) Ag
- কোন তড়িৎদারটি জারণ প্রক্রিয়া নির্দেশ করে? [RB'23] 06.
  - (a)  $Zn^{2+}/Zn$
- (b)  $Zn/Zn^{2+}$
- (c) Cu2+/Cu
- (d)  $H^{+}/H_{2}$ , Pt
- AgNO3 এর একটি দ্রবণে 60 মিনিট 5A বিদ্যুৎ চালনা করলে 07. ক্যাথোডে কত গ্রাম Ag জমা হবে? [RB'23]
  - (a) 8.766
- (b) 16.812 (c) 20.145 (d) 24.854
- HNO3 এর জলীয় দ্রবণে বিদ্যুৎ চালনা করলে অ্যানোডে উৎপন্ন
- হয়—

[Ctg.B'23]

- (i) H2O
- (ii) O2
- (iii) NO<sub>2</sub>

নিচের কোনটি সঠিক?

- (a) i, ii
- (b) i, iii
- (c) ii, iii
- (d) i, ii, iii

- CuSO4 দ্রবণে 4 অ্যাম্পিয়ার বিদ্যুৎ 45 মিনিট যাবৎ চালনা করতে 09. ক্যাথোডে কী পরিমাণ (g) কপার জমা হবে? [Ctg.B'23]
  - (a) 7.11
- (b) 3.55
- (c) 0.118
- (d) 0.059
- তড়িৎ রাসায়নিক কোষের emf =?
  - [Ctg.B'23; DB'22; CB'21]
  - (i) Eonode(ox) + Eocathode (Red)
  - (ii) Eoathode (Red) EoAnode (Red)
  - Viii) Eonode (ox) Eocathode (ox) নিচের কোনটি সঠিক?
    - (a) i, ii
- (b) i, iii
- (c) ii, iii
- (d) i, ii, iii
- দস্তার পাত্রে FeSO₄ দ্রবণ রাখলে সৃষ্ট কোমের কোষ বিভব হরে\_ 11.
  - $[E_{Zn^{2+}(aq)/Zn(s)}^{o} = -0.76V;$
- $E_{Fe^{2+}(aq)/Fe(s)}^{o} = -0.44V$
- (a) -0.32 V
- (b) -1.20 V
- (c) + 0.32 V
- (d) + 1.20 V
- একই মাত্রার বিদ্যুৎ একই সময় চালনা করলে কোন আয়নটি 12. ক্যাথোডে বেশি জমা হবে? [Ctg.B'23]
  - (a) Cu2+
- (b)  $Fe^{3+}$
- (c) Ag<sup>+</sup>
- (d) Na+
- কোন মৌলটি এসিড থেকে হাইড্রোজেন প্রতিস্থাপন করতে 13. পারবে? [SB'23]
  - (a) Ni
- (b) Bi
- (c) Hg
- (d) Pt
- ক্যালোমেল তড়িৎদ্বারে কোনটি ব্যবহৃত হয়? 14. [SB'23]
  - (a) Hg<sub>2</sub>Cl<sub>2</sub> (b) HgCl<sub>2</sub>
- (c) AgCl
- (d) NH<sub>4</sub>Cl
- তড়িৎ বিশ্লেষণে কোনটি দ্রবণ থেকে আগে চার্জমুক্ত হবে? 15. [SB'23; JB'23, 21; Din.B'23; DB'22; MB'22]
  - (a)  $Sn^{2+}$
- (b) Cu<sup>2+</sup>
- (c) Ag+
- (d)  $Au^{3+}$

#### MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

La series de la companya del la companya de la comp				-			Control of the last of the las						Section of the sectio	
01. c	02. b	03. b	04. b	05. a	06. b	07. c	08. a	09. b	10. d	11. c	12. c	13. a	14. a	15. d
	1			-								the second second	the same of the same of	

- $w = \frac{MIt}{eF} = \frac{27 \times 39 \times (90 \times 60)}{3 \times 96500}g = 15.10g$ 02.
- Au তড়িৎ সক্রিয়তা সিরিজের নিচের দিকে অবস্থান করে। 04.
- তড়িৎ সক্রিয়তা সিরিজের উপরের দিকে অবস্থান করায় এটি শক্তিশালী 05. বিজারক।
- $W = \frac{Mlt}{eF} = \frac{108 \times 5 \times 60 \times 60}{1 \times 96500} = 20.145 g$ 07.
- অ্যানোড়ে OH " যাবে। তাই সংঘটিত বিক্রিয়া 08  $20H^- \rightarrow H_2O + \frac{1}{2}O_2 + 2e^-$

- $E_{cell}^{o} = E_{Zn/Zn^{2+}}^{o} + E_{En^{2+}/En}^{o}$  $= -E_{Zn^{2+}/Zn}^{o} + E_{Fe^{2+}/Fe}^{o}$ = 0.76 - 0.44 = 0.32v
- W = MIt; I, t, F निर्मिष्ठ। 12.
  - ⇒  $W \propto \frac{M}{4}$ । Ag এর  $\frac{M}{4}$  মান বেশি, তাই Ag বেশি জমা হবে।
- সক্রিয়তা সিরিজে নিকেল (NI) হাইড্রোজেন এর উপর অর্থাৎ অধিক 13. সক্রিয় তাই নিবেল এসিড থেকে হাইড্রোজেন প্রতিস্থাপন করতে পারবে।
- Au এর অবস্থান সক্রিয়তা সিরিজে বাকি আয়নসমূহ থেকে নিচে। 15.

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও: pt, H<sub>2</sub>(g)(1atm, 25°C)/H<sub>2</sub>SO<sub>4</sub>(aq) || CuSO<sub>4</sub>(aq)/Cu(s)  $E^{\circ}_{Cu/Cu^{2+}} = -0.34V$ 

কোষ্টির প্রমাণ emf কত?

[SB'23]

(a) -0.34V (b) +0.34V (c) -1.10V (d) +1.10V

উদ্দীপকের কোষটিতে SB'23]

(i) আনোড ঋণাত্মক

(ii) ক্যাথোডে বিজারণ ঘটে

(iii) রাসায়নিক শক্তি তড়িৎ শক্তিতে রূপান্তরিত হয়

নিচের কোনটি সঠিক?

(b) i, ii (a) i

(c) ii, iii

(d) i, ii, iii

Fe<sup>2+</sup> + 2e<sup>-</sup> → Fe বিক্রিয়ায় 28 g Fe ধাতু উৎপাদনে

কত তড়িৎ চার্জ প্রয়োজন হবে?

[BB'23]

(a) 4F ইলেকট্রনীয় তড়িৎ পরিবাহী কোনটি?

(b) 3F

(c) 2F

(d) 1F

[BB'23]

(a) CuSO<sub>4</sub> দ্ৰবণ

(b) FeSO<sub>4</sub> দ্রবণ

(c) Fe

(d) Fe<sub>2</sub>(SO<sub>4</sub>)<sub>3</sub> দ্ৰবণ

আপেক্ষিক পরিবাহিতার একক কোনটি?

[BB'23]

(a) কিলোজুল

(b) ওহম<sup>1</sup>

(c) সেমি<sup>-1</sup>

(d) ওহম<sup>-1</sup> সেমি<sup>-1</sup>

FeSO4 এর দ্রবণে 2.0F বিদ্যুৎ চার্জ প্রবাহিত করলে কত মোল আয়রন জমা হবে? [BB'23]

(a)  $1.04 \times 10^{-5}$  mole

(b)  $5.8 \times 10^{-4}$  mole

(c) 0.5 mole

(d) 1 mole

নিচের কোনটি গ্যালভানিক সেল,

[BB'23]

Zn(s)/Zn<sup>2+</sup>(aq)||Ag<sup>+</sup>(aq)/Ag(s) এর বিভব বাড়ায়?

(a) [Zn2+] বৃদ্ধি ও [Ag+] হ্রাস

(b) [Zn2+] 引输

(c) [Zn2+] বৃদ্ধি ও [Ag+] বৃদ্ধি

(d) [Ag+] বৃদ্ধি

## রসায়ন ২য় পত্র: অধ্যায়-০৪

⊏aucationbl

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:

A ধাতুর ক্ষেত্রে  $E_{A/A^{2+}}^{o} = 0.88V$ 

B ধাতুর ক্ষেত্রে  $E^o_{B/B^{2+}} = -0.35V$ 

উদ্দীপকের তড়িংদারদ্বয় দারা গঠিত কোষের জন্য- [JB'23] 23.

(i)  $E_{cell}^o = E_{A/A^{2+}}^o + E_{B/B^{2+}}^o$ 

(ii)  $E_{\text{cell}}^{0} = E_{A/A^{2+}}^{0} + E_{B^{2+}/B}^{0}$ 

(iii)  $E_{\text{cell}}^{o} = E_{\text{R}^{2+}/\text{R}}^{o} - E_{\text{A}^{2+}/\text{A}}^{o}$ 

নিচের কোনটি সঠিক?

(b) ii, iii (a) i, ii

(c) i, iii

(d) i, ii, iii

তড়িৎদারদম দারা গঠিত কোষের ক্ষেত্রে প্রযোজ্য হবে— 24.

(a) A ধাতৃ ক্যাথোড হিসেবে ব্যবহৃত হয়

[JB'23]

(b) A ধাতু B অপেক্ষা অধিক সক্রিয়

(c) কোষটির ডায়াগ্রাম হবে B/B<sup>2+</sup>||A<sup>2+</sup>/A

(d) কোষটির বিভব 0.53V

25. তড়িৎ বিশ্লেষণকালে কোন আয়নটি প্রথমে চার্জমুক্ত হবে?

[CB'23; Din.B'21]

(a) Br-(b) NO<sub>3</sub>

(d) Cl-(c) OH-

26. 5A বিদ্যুৎ 5 min ধরে CuSO<sub>4</sub> দ্রবণে চালনা করলে ক্যাথোডে [CB'23] কত গ্রাম Cu সঞ্চিত হবে?

(a) 9.87

(b) 4.96

(c) 0.985

(d) 0.496

নিচের কোনটি জারক ও বিজারক উভয়রূপে ক্রিয়া করে?

[CB'23]

(a) Fe3+

(b) Sn2+

(c) Hg<sup>2+</sup>

(d) Cu2+

তড়িৎ রাসায়নিক কোষে—

[CB'23]

(i) রাসায়নিক শক্তি তড়িৎ শক্তিতে পরিণত হয়

(ii) অ্যানোড ধনাত্মক হয়

(iii) অ্যানোড হতে মুক্ত ইলেকট্রন বর্তনীতে প্রবাহিত হয় নিচের কোনটি সঠিক?

(a) i, ii

(b) ii, iii

(c) i, iii

(d) i, ii, iii

Pt, H<sub>2</sub>/H<sup>+</sup> (aq) কোন ধরনের অর্ধকোষ? 29.

[CB'23]

(b) জারণ

(c) ধাতু-ধাতব আয়ন

(d) জারণ-বিজারণ

 ${
m E_{Zn/Zn^{2+}}}=+0.76{
m V}$  এবং  ${
m E_{Ag/Ag^{+}}}=-0.799{
m V}$ । তড়িংদার সমন্বয়ে গঠিত কোষের e.m.f কত ভোল্ট? [CB'23]

(a) 1.459

(b) 1.559

(c) 1.669

(d) 2.559

#### MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

16.b 17.d 18.d 19.c 20.d 21.d 22.d 23.b 24.b 25.c 26.d 27.b 28.c 29. a 30. b

6.  $E_{cell}^0 = E_{H_2/H^+}^0 + E_{Cu^{2+}/Cu}^0$  $= 0 + (+0.34) [: E_{H_2/H^+}^0 = 0V]$ 

= +0.34 Volt

11.  $n = \frac{Q}{eF} = \frac{2 \times 96500}{2 \times 96500} = 1 \text{ mol}$ 

 $E_{\text{cell}} = E_{\text{cell}}^{o} - \frac{RT}{eF} \ln \frac{[Zn^{2+}]}{[Ag^{+}]^{2}}; [Ag^{+}]$  वृद्धिः  $E_{\text{Cell}}$  वृद्धिः शासः

কোষটি হলো: A|A<sup>2+</sup>||B<sup>2+</sup>|B 23.

 $E_{cell}^{o} = E_{A/A^{2+}}^{o} + E_{B^{2+}/B}^{o} = E_{B^{2+}/B}^{o} - E_{A^{2+}/A}^{o}$ 

অ্যানায়নসমূহের সক্রিয়তা সিরিজ: 25.  $NO_{3}^{-} > SO_{4}^{2-} > Cl^{-} > Br^{-} > l^{-} > OH^{-}$ যার অবস্থান যত নিচে তার চার্জমুক্ত হওয়ার প্রবণতা তত বেশি।

30.  $E_{C_{cell}} = E_{Zn/Zn^{2+}} + E_{Ag^{+}/Ag} = 0.76 + (0.799) = 1.559$ 

- Educatia भागव राजा विधाय एक
- প্রমাণ হাইড্রোজেন গ্যাস তড়িংঘারে দ্রবণে H+ আয়নের 31. [Din.B'23] ঘনমাত্রা ও গ্যাসের চাপ যথাক্রমে-
  - (a) 0.1M, 1 atm
- (b) 0.2M, 100 KPa
- (c) 1M, 100 KPa
- (d) 1M, 760 mm (Hg)

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:  $A(s) + BSO_4(aq) \longrightarrow ASO_4(aq) + B(s)$ এখানে,  $E_{A^{2+}(aq)/A(s)}^{\circ} = -0.76V$ 

- $E_{B^{2+}(aq)/B(s)}^{o} = +0.44V$
- [Din.B'23] উদ্দীপকের কোষটির কোষ বিভব হলো— 32.
  - (a) -0.32V (b) +0.42V (c) +1.10V (d) +1.20V
- উদ্দীপকের বিক্রিয়ার তথ্যানুযায়ী-33.

[Din.B'23]

- (i) 'B' পাত্রে ASO4 রাখা যাবে
- (ii) 'A' পাত্রে BSO4 রাখা যাবে
- (iii) ক্যাথোডে B<sup>2+</sup> আয়ন A<sup>2+</sup> আয়নের আগে চার্জমুক্ত হবে নিচের কোনটি সঠিক?
- (a) i, ii
- (b) i, iii
- (c) ii, iii
- (d) i, ii, iii
- 2F তড়িৎ প্রবাহে কত গ্রাম ফেরাস আয়ন চার্জমুক্ত হয়? 34.

[Din.B'23]

- (a) 28
- (b) 56
- (c) 81
- (d) 112
- নিচের কোনটি লঘু H<sub>2</sub>SO<sub>4</sub> থেকে হাইড্রোজেন বিমুক্ত করতে 35. [MB'23] পারে?
  - (a) Pb
- (b) Hg
- (c) Cu
- (d) Ca
- কোনটি জারণ-বিজারণ অর্ধকোষ? 36.

#### [MB'23; RB'21; JB'21; Din.B'21]

- (a) Pt, Cl<sub>2</sub>/Cl<sup>-</sup>
- (b) Ag, AgCl/Cl-
- (c) Na Hg/Na+
- (d) Pt, Fe2+/Fe3+
- 1 মোল  $\mathrm{Fe_2O_3}$  হতে 1 মোল লোহা পেতে কত পরিমাণ তড়িৎ 37. [MB'23] প্রয়োজন?
  - (a) 1F
- (b) 2F
- (c) 3F
- (d) 6F

- জিংক ও সিলভার তড়িৎদ্বারের বিজারণ বিভবের মান হণ্যক্র 38. -0.76V ও +0.80V। এই তড়িৎদার দৃটি দারা তৈরি ক্রেম [MB 23] মোট বিভব কত?
  - (a) -0.04V (b) +0.04V (c) +1.56V (d) -1.56V10g NiCl<sub>2</sub> দ্রবণে 10A বিদ্যুৎ প্রবাহিত করলে সর্টুকু হ (39. ক্যাথোডে সঞ্চিত হয়। এক্ষেত্রে কত সময়ের প্রয়োজন হবে MB 24
    - [Ni = 58.69](a) 1496 sec
- (b) 3680 sec
- (c) 5700 sec
- (d) 6200 sec
- সুক্রোজের দ্রবণটি— 40.
- (b) তড়িং অবিশ্লেষা

DB.55

- (a) তড়িৎ বিশ্লেষ্য (c) ইলেকট্রনীয় পরিবাহী
- (d) অধাতব পরিবাহী
- কোনটির তড়িৎ রাসায়নিক তুল্যাঙ্ক সবচেয়ে বেশি? 41.

[DB'22; Din.B'22, 19; MB'20

- (c) Zn (b) Ag (a) Cu
- AgNO3 দ্রবণের মধ্যে 3000 C বিদ্যুৎ চালনা করলে ক্যাংগত্তে 42. কত গ্রাম Ag সঞ্চিত হবে? [Ag = 108] DB'22 (a) 3.3575 (b) 2.3575 (c) 0.3357 (d) 0.2357
- গলিত AICl<sub>3</sub> এর মধ্যে কত ফ্যারাড তড়িৎ প্রবাহিত করে 43.
  - ক্যাথোডে 54 গ্রাম AI সঞ্চিত হবে?
    - (d) 9 (c) 6
- (b) 3 (a) 1 পরিবাহিতার একক হলো— 44.
  - [DB'22]

(d) Fe

- (ii) ohm-1 (iii) Siemens (i) mho নিচের কোনটি সঠিক?
  - (a) i, ii
- (b) i, iii
- (c) ii, iii
- (d) i, ii, iii
- লবণ সেতৃতে নিচের কোনটির দ্রবণ ব্যবহার করা যায়? 45.
  - IRB'22; SB'23
  - (d) K<sub>2</sub>CO<sub>3</sub> (b) KNO<sub>3</sub> (c) KMnO<sub>4</sub> (a) NaCl

#### MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

31. d	32. d	33. b	34. b	35. d	36. d	37. c	38. c	39. a	40. b	41. b	42. a	43. c	44. d 45
-------	-------	-------	-------	-------	-------	-------	-------	-------	-------	-------	-------	-------	----------

- $E_{cell}^{o} = E_{A/A^{2+}}^{o} + E_{B^{2+}/B}^{o}$ 32. = -(-0.76) + 0.44 = 1.2V
- (i) B + ASO<sub>4</sub>  $\longrightarrow$  BSO<sub>4</sub> + A,  $E_{cell}^o$  < 0 33.
  - (ii)  $A + BSO_4 \longrightarrow ASO_4 + B, E_{cell}^o > 0$
  - (iii)  $E_{B^{2+}(aq)/B(s)}^{o} > E_{A^{2+}(aq)/A}^{o}$

তাই B2+ আগে চার্জযুক্ত হবে

- এখানে Fe<sup>3+</sup> থাকায় 1mol লোহা পেতে 3F তড়িৎ প্রয়োজন। 37
- মোট বিভব = +0.76 + 0.80 V = +1.56 V 38
- $Z = \frac{M}{4\pi}, Z \propto \frac{M}{4\pi}$ 41.

যেটার  $\frac{M}{r}$  এর মান বেশি, তার তড়িৎ রাসায়নিক তুল্যান্ত বেশি।

W = ZIt

≈ 1496 s (Ans.)

 $41,4.52 = \frac{58.69}{2 \times 96500} \times 10 \times t$ : t = 1486.4 s

এখানে.  $NiCl_2 = 129.69g$ 129.69g - NiCl2 4

NI NICO = 58.69g A 10 g - NiCl2 & Ni MT

 $= \frac{10}{129.69} \times 58.69 \, g = 4.52g$ বি.দ্র: যার ভর নির্ণয় করতে চাই ভার আণবিক পারমাণবিক ভা

বাবহার করতে হবে।  $W = \frac{M}{eF} = \frac{108 \times 3000}{1896500} = 3.3575 g$ 42.

 $W = \frac{MQ}{T} \Rightarrow 54 = \frac{27 \times Q}{T} \Rightarrow Q = 6F$ 43.

2.5 A বিদ্যুৎ 1 মিনিট ধরে কোন ইলেকট্রোডে প্রবাহিত করলে প্রবাহিত বিদ্যুতের চার্জ কত কুলম্ব?

(a) 0.15

(b) 1.5

(c) 15

(d) 150

তড়িৎ বিশ্লেষণের মাধ্যমে উৎপাদন করা যায়\_ (ii) Na (iii) Zn

[RB'22]

(i) Al নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) ii, iii (c) i, iii

(d) i, ii, iii

Zn এর তড়িৎ রাসায়নিক তুল্যাঙ্ক হচ্ছে—

[RB'22; Ctg.B'21; Din.B'17]

(a) 7.5 g/c

(b)  $5.6994 \times 10^{-4}$  g/c

(c)  $5.6994 \times 10^{-3}$  g/c (d)  $3.388 \times 10^{-4}$  gc<sup>-1</sup> Ag এর তড়িৎ রাসায়নিক তুল্যাংক এর মান কত?

[Ctg.B'22; MB'22]

(a) 0.000289

(b) 0.000658

(c) 0.000329

(d) 0.001118

সেকেন্ডারি নির্দেশক তড়িৎদার হলো–

[Ctg.B'22]

(i) Pt, H<sub>2</sub> (atm)/H+ (1M)

(ii) Ag(s), AgCl(s)/HCl(aq)

(iii) Hg(l), Hg2Cl2 (s) / KCl(aq)

নিচের কোনটি সঠিক?

(a) i, ii

(b) ii, iii

(c) i, iii

(d) i, ii, iii

ক্যালোমেল তড়িৎদ্বারে নিচের কোনটি ব্যবহার হয়?

[Ctg.B'22, 17; CB'17]

(a) HgCl<sub>2</sub> (b)MnO<sub>2</sub> (c) Hg<sub>2</sub>Cl<sub>2</sub>

(d) NH<sub>4</sub> CI

52. AICl3 দ্রবণে 1F বিদ্যুৎ চার্জ প্রবাহিত করলে সঞ্চিত AI এর পরিমাণ-[Ctg.B'22]

(a) 1 mole (b) 3 mole (c)  $\frac{1}{2}$  mole

 $(d) \frac{1}{2}$  mole

53. নিচের কোনটি বিদ্যুৎ সুপরিবাহী নয়?

[Ctg.B'22]

(a) কপার

(b) কার্বন

(c) সিলভার

(d) অ্যালুমিনিয়াম

54. ব্রাইনের তড়িৎ বিশ্লেষণ করলে কী উৎপন্ন হয়? [SB'22]

(a) NaCl

(b) NaHCO<sub>3</sub>

(c) NaOH

(d) NaClO

55. Pt, H<sub>2</sub> / H<sup>+</sup> এর সাথে কোনটি ক্যাথোড হিসেবে ব্যবহৃত হবে?

(a)  $Au^{3+}/Au$ 

(b)  $Mg^{2+}/Mg$ 

[SB'22]

(c) Sn2+/Sn

(d)  $Al^{3+}/Al$ 



কোন মৌলটি হাইড্রোক্লোরিক এসিড থেকে হাইড্রোজেন প্রতিস্থাপন করতে পারে না?

(a) Fe

(b) Co

(c) Sn

(d) Pt

FeCl<sub>3</sub> হতে 55.85 g Fe জমা করতে কী পরিমাণ বিদ্যুৎ 57. [SB'22] লাগবে?

(a) 5 F

(b) 3 F

(c) 2 F

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:

 $M + M'^{+} \rightarrow M^{2+} + M'(s)$ 

এখানে,  $E^{0}_{M^{2+}/M} = +0.34 \text{ V}$  এবং  $E^{0}_{M^{'+}/M'} = +0.80 \text{ V}$ 

58. কোষটির EMF কত?

(a) -1.4 V (b) -1.46 V (c) +0.46 V (d) +1.14 V

59. কোষটির ক্ষেত্রে- [SB'22]

(i) M-এর পাত্র ব্যবহার করা যাবে

(ii) M' এসিড থেকে হাইড্রোজেন প্রতিস্থাপন করতে পারে

(iii) কোষ বিক্রিয়াটি স্বতঃস্ফুর্তভাবে ঘটবে নিচের কোনটি সঠিক?

(a) i

(b) i, ii

(c) 11, 111

(d) i, ii, iii

কোনটি দুর্বল তড়িৎ বিশ্লেষ্য? 60.

[SB'22]

(a) NH<sub>4</sub>OH (b) NaOH (c) H<sub>2</sub>SO<sub>4</sub>

(d) HNO<sub>3</sub>

61. ফ্যারাডের সূত্র প্রযোজ্য- [BB'22; CB'19]

(i) ইলেকট্রনের চার্জ গণনায় (ii) ধাতুর পরিমাণ নির্ণয়ে

(iii) তডিৎ বিশ্লেষ্য পরিবাহীর ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?

(a) i, ii

(b) ii, iii

(c) i, iii

(d) i, ii, iii

5 A বিদ্যুৎ 30 s ধরে কোনো ইলেকট্রোডে প্রবাহিত করলে [BB'22; RB'17] প্রবাহিত বিদ্যুতের চার্জ কত কুলম্ব?

(a) 0.15

(b) 1.5

(c) 15 (d) 150

 $Zn/Zn^{2+}(E^0 = +0.76 \text{ V})$  অ্যানোড হলে নিচের কোনটি 63. [BB'22, 21] ক্যাথোড হিসাবে ব্যবহার করা যাবে?

(a)  $Co/Co^{2+}$  (E<sup>0</sup> = + 0.28 V)

(b)  $Mg/Mg^{2+}$  ( $E^0 = + 2.36 V$ )

(c)  $Ca/Ca^{2+}$  ( $E^0 = + 2.87 \text{ V}$ ) (d)  $AI/AI^{2+}$  ( $E^0 = + 1.166 V$ )

#### MCO উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

								Company of the Compan
46 d	47 a	48. d	49. d	50. b	51. c	52. d	53. b	54. c
40. d	41. a	107				61. d	62. d	63. a
55 9	56 d	1 57. b 1	58. c	37.				

 $Q = It = 2.5 \times 60 = 150 C$ 

 $Z = \frac{M}{eF} = \frac{65.4}{2 \times 96500} = 3.38 \times 10^{-4} \text{g/c}$ 

 $Z = \frac{M}{eF} = \frac{108}{1 \times 96500} = 0.001118 gC^{-1}$ 

 $n = \frac{Q}{eP} = \frac{1}{3} = \frac{1}{3} \text{ mole}$ 

 $EMF = E_{M/M^{2+}}^{o} + E_{M'+/M'}^{o}$ = -0.34 + 0.8 = +0.46V

(সঠিক উত্তর নেই);সঠিক উত্তর হবে তথু (iii) 59

 $Q = It = 5 \times 30 = 150C$ 62

কম সক্রিয় ধাতু-ক্যাথোড যে ধাতুর M/M<sup>2+</sup>. 63. E° এর মান 0.76 V এর কম তা এখানে ক্যাথোড।



1F বিদ্যুৎ চলনা করলে নিচের কোন ধাতুর আয়নটি ক্যাথোডে 64. অধিক পরিমাণে সঞ্চিত হবে? [BB'22]

(a) K

(b) Zn

(c) Ca

- (d) Al
- $M/M^{2+}$  || N<sup>+</sup>/N,  $E_{M/M^{2+}}^{o} = 0.76$  volt এবং  $E_{N/N^+}^o = -0.4 \text{ volt.}$  প্রদন্ত কোষটির e.m.f কত volt?

IBB'22; SB'171 (a) + 1.16 (b) + 0.36 (c) - 0.36(d) - 1.16

প্রমাণ হাইড্রোজেন তড়িৎদ্বারের বিভবের মান কত? 66.

[JB'22; Din.B'21]

(a) 0.0 V

(b) - 1.34 V

(c) + 1.00 V

(d) + 1.76 V

কোনটি ইলেকট্রনীয় পরিবাহী? 67.

[JB'22]

(a) CuSO<sub>4</sub> দ্ৰবণ

(b) Cu তার

(c) গলিত NaCl

(d) কাঁচনল

কোষ বিক্রিয়া:  $H_2 + Cu^{2+} = 2H^+ + Cu$  উক্ত কোষের অ্যানোডের বিক্রিয়া কোনটি? [JB'22; SB'19]

(a)  $2H^+ + 2e \rightarrow H_2$ 

(b)  $Cu \rightarrow Cu^{2+} + 2e$ 

(c)  $H_2 \rightarrow 2H^+ + 2e$ 

- (d)  $Cu^{2+} + 2e \rightarrow Cu$
- নিচের কোন তড়িৎদার জারণ অর্ধকোষ বোঝায়? 69.

[CB'22; Din.B'22]

(a)  $Zn^{2+}/Zn$ 

(b) Zn / Zn2+

(c) Cu<sup>2+</sup> / Cu

- $(d) H^+/H_2$ , Pt
- AgNO3 দ্রবণে 1.2 amp বিদ্যুৎ কতক্ষণ চালনা করলে 1.61 g Ag জমা হবে? [CB'22] (a) 40 min (b) 30 min (c) 25 min (d) 20 min
- Ag+ / Ag এবং Au3+ / Au অর্থকোম্বয়ের প্রমাণ বিজারণ বিভব +0.80 V এবং +1.56 V। এ দুটি অর্ধকোষ দ্বারা গঠিত কোষের বিভব কত?

(a) + 0.76 V

(b) -0.76 V

(c) + 2.36 V

- (d) -2.36 V
- 72. সেমিকন্ডাক্টর হিসেবে ব্যবহৃত হয়-

[CB'22; MB'22; DB'19]

(a) Ge

(b) Zn

(d) Al

0.5F = কত কুলম্ব? 73.

[Din.B'22]

(a) 48,250 C

(b) 96,500 C

(c) Cu

- (c) 1,93,000 C
- (d) 2,89,500 C

তড়িৎ রাসায়নিক কোষে

[Din.B'22]

- (i) ক্যাথোড থেকে অ্যানোডে বিদ্যুৎ প্রবাহিত হয়
- (ii) বিদ্যুৎ শক্তি রাসায়নিক শক্তিতে পরিণত হয়
- (iii) অ্যানোডে জারণ ঘটে

নিচের কোনটি সঠিক?

(b) ii, iii (a) i, ii

(c) i, iii

(d) i, ii, iii

2 mol Al ক্যাথোডে জমা করতে কী পরিমাণ বিদ্যুৎ প্রয়োজন 75.

[Din.B'22]

- (c) 3.0 F (d) 6.0 F (b) 2.0 F (a) 1.5 F
- Zn-এর প্রমাণ জারণ বিভব কত?

MB'221

- (a) -0.76V
- (b) +0.76V
- (c) -0.34V
- (d) + 0.34V
- 1 মোল Ag ক্যাথোডে সঞ্চিত করতে AgNO3 দ্রবণের হুত্ত ফ্যারাডে তড়িৎ চালনা করতে হবে?
  - (b) 2F (a) 1F
- (c) 3F
- (d) 4F
- সিলভার নাইট্রেট দ্রবণের মধ্য দিয়ে 160 mA বিদ্যুৎ 40 min ধ্র 78. চালনা করলে ক্যাথোডে কতটি সিলভার পরমাণু জমা হবে?[DBʾ2]।
  - (a) 2.396 × 10<sup>21</sup> fb
- (b)  $6.023 \times 10^{23}$  fb
- (c) 6.505 × 10<sup>25</sup> ਿ
- (d)  $2.584 \times 10^{23}$  b

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:

 $X(s) + Y^{2+}(aq) \Rightarrow X^{2+}(aq) + Y(s)$ 

 $E^{\circ}_{X^{2+}(aq)/X(s)} = -0.62V$ 

 $E^{\circ}_{Y^{2+}(aq)/Y(s)} = 0.20V$ 

